Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)



যুগে যুগে দেশে দেশে পবিত্র মিলাদ শরীফ

সংকলনে

মাও. আবুল খায়ের ইবনে মাহতাবুল হক

আরো বই পেতে ভিজিট করুন
SonarMadina.Com

প্রকাশনায়
আল-আমিন প্রকাশন
জনতা মার্কেট -বিয়ানীবাজার, সিলেট।

SonarMadina.Com

Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

যুগে যুগে দেশে দেশে পবিত্র মিলাদ শরীফ
সংকলক
মো. আবুল খায়ের ইবনে মাহতাবুল হক

প্রকাশনায়-
আল-আমিন প্রকাশন
জনতা মার্কেট, বিয়ানীবাজার, সিলেট।
০১৭২২১১৫১৬১

প্রথম প্রকাশঃ জুলাই ২০১২ইং

কম্পিউটার কম্পোজ
মিডিয়া ফেয়ার
কলেজ রোড, বিয়ানীবাজার, সিলেট।

মুদ্রণে
কলম প্রিন্টিং প্রেস
৮১/১ নয়াপল্টন, ঢাকা-১০০০

হাদিয়া-৭০ টাকা (মাত্র)

পরিবেশনায়:

রশিদ বুক হাউস
বাংলাবাজার, ঢাকা
মোহাম্মাদীয়া কুতুবখানা-
আল মদীনা কুতুবখানা-
চট্টগ্রাম

সুচি পত্র

সাহাবী, তাবেয়ী ও তবে তাবেীগণের যুগে মীলাদ শরীফ	৭
করূনে ছালাছার পর মীলাদ শরীফ	১০
যুফার আল মাক্কি (রহঃ)	১১
ইমাম ইবনুল জাওযী (রহ)	১২
আল্লামা ইবনে যাওযী (রহঃ)	১৩
আবু শামাহ (রহঃ)	১৪
ইমাম জাফর আত্তাজামনুতী আশ-শাফেয়ী (রহঃ)	১৫
পাশ্চাত্য দুই ফকীহ ঃ	১৬
ইমাম ইবাদ আন নাফিজি (রহঃ)	১৭
শায়খুল ইসলাম বালকিনি (রহঃ)	১৮
ইমাম জালাল উদ্দিন সুয়ূতী (রঃ)	২১
আবুল ফজল আসকালানী (রহঃ)	২২
ইমামুল কুররা আল জাজরী শাফেয়ী (রহঃ)	২৪
নাসির উদ্দিন আদ দিমাস্কী (রহঃ)	২৫
ইমাম কামাল আদফায়ী (রহঃ)	২৬
ইমাম শামসুদ্দিন আয- যাহাবি (রহঃ)·	২৭
ইমাম বুরহানুদ্দীন বিন জুমায়া (রহঃ)	৩০
ইমাম জৈনুদ্দীন বিন রজব আল্ হাম্বলী (রহঃ)	৩১
ইবনে বতুতা (রহ.)	৩২
লিছান উদ্দীন ইবনে খতিব তিলমিছানী (রহঃ)	৩৪
হাসান ওয়াজানী (রহঃ)	৩৫
মদিনা শরীফের ইতিহাস আত্-তুহফাতুল লতীফিয়া	৩৬
ইমাম যুরকানী (রহঃ) (রহঃ)	৩৭
আল্লামা মোল্লা আলী ক্বারী (রহঃ)	৩৯
ইমাম ইবনে তাইমিয়া (রহঃ)	৪০
ইমাম আবু যারআ আল ইরাকী (রহঃ)	৪১
ইমাম ইবনে হাজর কস্তুলানী (রহঃ)	৪২
ইমাম মুহাম্মদ বিন যারাল্লাহ বিন যহিরা (রহঃ)	৪২

SonarMadina.Com
Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

শায়খ ইসমাঈল হাক্কী (রহঃ)	৪৩
শাইখ আব্দুল হক মুহাদ্দীছে দেহলবী (রহঃ)	৪৪
শাহ ওয়ালী উল্লাহ মুহাদ্দিসে দেহলবী (রহ)	৪৫
শাহ আব্দুল আজিজ মোহাদ্দীসে দেহলবী (রহঃ)	৪৬
দারুল উলুম দেওবন্দের ফতোয়া	৪৮
দারুল উলুম দেওবন্দে ফতোয়া	৫১
দেশে দেশে মিলাদ	৫৫
মিসর ও সিরিয়া বাসীর মিলাদ	৫৫
স্পেন ও পাশ্চাত্য দেশে মীলাদুন্নবী	৫৬
মক্কা বাসীর মীলাদ মাহফীল	৫৭
মদীনা বাসীর মীলাদ মাহফীল	৫৮
কিয়ামের দলীল	৫৯
	৬৩
মিলাদ শরীফ সম্পর্কে যারা গ্রন্থ প্রনয়ন ও ফতওয়া দিয়েছেন	

ভূমিকা

اعوذ بالله من الشيطان الرجيم

আমি মহান আল্লাহ পাকের নিকট বিতাড়িত শয়তান হতে আশ্রয় প্রার্থনা করছি।

بسم الله الرحمن الرحيم

আমি মহান আল্লাহ পাকের নামে আরম্ভ করতেছি, যিনি পরম করুণাময় অসীম দয়ালু।

لَقَدْ جَاءَكُمْ رَسُولٌ مِّنْ أَنفُسِكُمْ عَزِيزٌ عَلَيْهِ مَا عَنِتُّمْ حَرِيصٌ عَلَيْكُم بِالْمُؤْمِنِينَ رَؤُوفٌ رَّحِيمٌ {١٢٨} فَإِن تَوَلَّوْاْ فَقُلْ حَسْبِيَ اللّهُ لا إِلَـهَ إِلاَّ هُوَ عَلَيْهِ تَوَكَّلْتُ وَهُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيمِ {١٢٩}

নিশ্চয় তোমাদের নিজেদের মধ্যে হতে তোমাদের নিকট এমনি একজন রাসুল আগমন করেছেন যার নিকট তোমাদের বিপদাপন্ন হওয়া বড়ই অসহ্য তিনি তোমাদের অতিশয় হিতাকাঙ্খী। বিশ্বাসীগণের প্রতি অত্যাধিক স্নেহশীল করুণা প্রায়ণ।

إِنَّ اللَّهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا صَلُّوا عَلَيْهِ وَسَلِّمُوا تَسْلِيماً

নিশ্চয় মহান আল্লাহ পাক ও তাঁর ফেরেস্তাগণ হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর প্রতি রহমত করতেছেন। হে মুমিনগণ তোমরাও হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর প্রতি দুরূদ পড় এবং যথাযথ ভাবে সালাম জানাও।

اللهم صل على محمد و على اله وسلم–

হে আল্লাহ! হযরত মুহাম্মদ (সাঃ) ও তাঁর বংশধরের উপর রহমত ও শান্তি বর্ষণ করুন।

অতঃপর প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর শান, সৃষ্টি, জন্মকালিন বিস্ময়কর মোজেজা, তাঁর প্রতি দাড়িয়ে নাত, সালাত ও সালাম (যা ফেরেস্তাগন হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর রওদ্বায়ে পাকে পৌছে দেন। যারা রাওদ্বা শরীফ দেখেছেন তারা অন্তরের মধ্যে রওদ্বা শরীফের উপস্থিতি লক্ষ্য করে সালাত ও সালাম) দেয়া। এ আমলকে প্রচলিত মীলাদ শরীফ হিসাবে আখ্যায়িত করা হয়। যুগে যুগে দেশে দেশে পবিত্র মিলাদ শরীফ পাঠের ঐতিহাসিক তথ্য উপস্থাপন করার ক্ষুদ্র প্রয়াস। এ উপস্থাপনায়, কম্পিউটার প্রুফ সংশোধন জনিত ত্রুটি বিচ্যুতি যদি থেকে থাকে তবে তা পরর্বতী সংস্করণে সংশোধন করা হবে ইনসাআল্লাহ।

মো: আবুল খায়ের
ইটাউরী - বড়লেখা
মোলভী বাজার
০৭-০৭-০১২

SonarMadina.Com

Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

সাহাবী, তাবেয়ী ও তবে তাবেীগণের যুগে মীলাদ শরীফ

হাদীস এবং সিরাতের কিতাবসমূহে এমন অনেক বর্ণনা রয়েছে, যার দ্বারা স্পষ্টতঃ জানা যায় যে, হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্মবৃত্তান্ত এবং শান ও মান স্বয়ং তিনি তদীয় সাহাবায়ে কেরাম কখনো বা ঘটনাক্রমে আবার কখনো সমাবেশ ডেকে বর্ণনা করেছেন, যার কতিপয় বর্ণনা নিম্নে উদ্ধৃত করা হলোঃ

عن ابى هريرة رضى لبيه عنه قال بعثت من خير قرون بنى ادم قرنا فقرنا حتى كنت من القر الذى كنت فيه . (رواه البخارى)

হযরত আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন মানুষের সর্বোত্তম যামানাই আমার জন্ম প্রেরণ হয়েছে। আর যামানার মহাত্ম্য পর্যায় ক্রমে যুগের পর যুগ ধরে এসেছে। এমনকি যে যামানায় আমি জন্মগ্রহন করেছি, সে যামানাই সর্বোত্তোম যামানা। (বোখারী)

وعن واثلة بن الاسقع قال قال رسول الله صلى الله عليه و سلم ان الله اصطفى من ولد ابرهيم اسماعيل واصطفى من ولد اسماعيل بنى كنانة واصطفى من بنى كنانة قريشا واصطفى من قريش بنى هاشم واصطفى من بنى هاشم .

হযরত ওয়াছেলা বিন আসক্বা (রাদ্বিঃ) বর্ণিত আছে যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেন যে, 'আল্লাহ তালা হযরত ইব্রাহিম (আঃ) এর আওলাদের মধ্য থেকে ইসমাইল (আঃ) কে মনোনিত করেছেন, এবং ইসমাইল এর মধ্য হতে বনী কেনানাকে, বনী কেনানার মধ্য থেকে বনী হাশিমকে আর বনী হাশিমের মধ্যে থেকে আমাকে মনোনীত করেছেন। (তিরমিযী)

وعن عبد المطلب بن ابى وداعة قال جاء العباس الى رسول الله صلى الله عليه و سلم فكانه سمع شيئا فقام النبى الله صلى الله عليه و سلم فقال من انا فقالوا انت رسول الله صلى الله عليه و سلم قال انا محمد بن عبد الله بن عبد المطلب ان الله

SonarMadina.Com

Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

خلق الخلق فجعلنى فى خير هم فرقة ثم جعلهم فرقتين فجعلنى فى خيرهم فرقة ثم جعلهم قبائل فجعلنى فى خيرهم قبيلة ثم جعلهم بيوتا فجعلنى فى خيرهم بيتا و خير هم نفسا (رواه الترمذى)

হযরত আব্বাস (রাদ্বিঃ) হতে বর্ণিত, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মিম্বরের উপর দাঁড়ালেন এবং বললেনঃ বল, আমি কে? সাহাবায়ে কেরাম জবাব দিলেন, আপনি আল্লাহর রাসুল। তখন হুযূর এরশাদ করলেন আমি হলাম মুহাম্মদ বিন আব্দুল্লাহ বিন আব্দুল মুত্তালিব। আল্লাহ তা'লা মাখলুক্বাত পয়দা করে উত্তমদের মধ্যে আমাকে রেখে আবার এদেরকে দু'ভাগে ভাগ করে আমাকে উত্তম ভাগে রাখলেন, আবার উক্ত উত্তম ভাগকে বিভিন্ন গোত্র বানিয়ে আমাকে উত্তম গোত্রে রাখলেন, তারপর উক্ত উত্তম গোত্রকে কয়েকটি খান্দান বানিয়ে আমাকে উত্তম খান্দানের মধ্যে রাখলেন, তাই আমি আমার সত্ত্বার দিক থেকেও সবার উত্তম এবং খান্দানের দিক থেকেও সবার চেয়ে উত্তম। (তিরমিযী)

ফক্বীহ আবুল লায়েছ তাম্বীহুল গাফিলীন কিতাবের মধ্যে স্বীয় মুত্তাছিল সনদের মাধ্যমে হযরত আলী (রাদ্বিঃ) থেকে বর্ণনা করেছেন যে, সুরা নসর নাযিল হওয়ার পর বৃহস্পতিবার দিবসে হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বাহিরে তাশরীফ আনলেন এবং মিম্বরের উপর উপবেশন করে হযরত বিলাল (রাদ্বিঃ) কে ডেকে বললেন, "বিলাল, তুমি মদীনায় এলান করে দাও হুযূর পাক সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লামের উপদেশ শ্রবণ করার জন্য সবাই যেন এসে সমবেত হয়। হযরত বিল্লাল (রাদ্বিঃ) এর এলান শুনে ছোট-বড় সবাই এসে জড় হলো হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সল্লাম দাঁড়িয়ে আল্লাহর হামদ ও ছানা এবং আম্বিয়ায়ে কেরামদের উপর সালাত ও সালামের পর এরশাদ ফরমান, আমি হলাম মুহাম্মদ বিন আব্দুল্লাহ বিন আব্দুল মুত্তালিব বিন হাশিম এবং আমি আরাবী, আমি হরমী, আমি মক্কী- আমার পর কোন নবী নেই। (আল কাউলুল মকবুল)

عن عائشة قالت كان رسول صلى الله عليه وسلم يضع لحسان منبرا فى المسجد يقوم عليه قائما يفاخر عن رسول الله صلى الله عليه و سلم اوينا فح ويقول رسول الله صلى الله عليه و سلم ان الله يويد حسان بروح القدس. ما نافح او فاخر عن رسول الله صلى الله عليه و سلم.

হযরত আয়েশা (রাদ্বিঃ)হতে বর্ণিত, তিনি বলেন রাসুলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হযরত হাসসান (রাদ্বিঃ) এর জন্য মসজিদে নববীতে মিম্বর স্থাপন করে দিতেন, যার উপর দাঁড়িয়ে হযরত হাসসান (রাদ্বি) রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের গৌরব গাঁথা এবং শান ও মান বর্ণনা করতেন। (বুখারী)

عن ابن عباس رضى الله تعالى عنه انه كان يحدث ذات يوم فى بيته وقائع ولادته صلى الله عليه وسلم لقوم فيستبشرون ويحمدون الله ويصلون عليه السلام فاذا جاء النبى صلى الله عليه وسلم قال حلت لكم شفاعتى

হযরত আবুল খাত্তাব বিন দেহইয়া তদীয় কিতাব আততানবীর ফী মাওলিদিল বাশীর ওয়ান নাযীর এর মধ্যে হযরত ইবনে আব্বাস (রাদ্বিঃ) থেকে বর্ণনা করেন যেমন তিনি একদিন নিজ বাড়ীতে লোকজনের সম্মুখে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম সময়কার ঘটনাবলী বর্ণনা করতেছিলেন এবং লোকজন খুশী হয়ে আল্লাহ তালার হামদ এবং হুযূর পাকের উপর দরূদ পাঠ করিতেছিলেন, এমনি সময় হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাশরীফ আনলেন এবং ফরমালেনঃ حلت لكم شفاعتىঅর্থাৎ তোমাদের জন্য আমার সুপারিশ অনিবার্য হয়ে গেল।

عن ابى الدرداء رضى الله تعالى عنه مر مع النبى صلى الله عليه وسلم الى بيت عامر الانصارى وكان يعلم وقائع ولادة صلى الله عليه وسلم لابنائه وعشيرته ويقول هذا اليوم هذا اليوم فقال عليه الصلوة والسلام ان الله فتح لك ابواب الرحمة والملائكة كلهم يستغفرون لك من فعل فعلك نجاتك- اويحل بحالك-

উক্ত আততানবীর কিতাবেই হযরত আবুদ্দারদা (রাদ্বি) থেকে বর্ণিত আছে যে, একদা তিনি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সঙ্গে হযরত আমির আনসারীর ঘরে গেলেন এমন সময় হযরত আমির আনসারী তাঁর আওলাদ এবং গোত্রীয় লোকজনকে সমবেত করে হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম সময়কার ঘটনা বর্ণনা করছিলেন, هذا اليوم هذااليوم অর্থাৎ আজই সেই

SonarMadina.Com
Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

দিন, আজই সেই দিন। তখন হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ ফরমান- 'আল্লাহ তা'লা তোমদের জন্য রহমতের দার উম্মোক্ত করে দিয়েছেন। এবং ফিরিস্তারা তোমাদের জন্য ইসতেগফার পড়ছেন, আর যে ব্যক্তি তোমাদের অনুরুপ কাজ করবে নাযাত পাবে।

হযরত খাদিজা বিনতে যায়েদ হতে বর্ণিত আছে যে, তাবেয়ীনদের একটি জামাত হযরত যায়েদ বিন ছাবিতের খেদমতে এসে আরজ করলেন, আমাদেরকে হুযূর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সম্পর্কে কিছু বর্ণনা করুন। হযরত যায়েদ বলেন, কি বর্ণনা রাখবো, তিনি তো সকল বর্ণনা ক্ষমতা উর্ধ্বে অতঃপর কিছু বর্ণনা পেশ করেন। (শামায়েলে তিরমিযী)

হাদীস, ছিওর এবং ইতিহাস গ্রন্থ সমূহের মধ্যে এ ধরনের অনেক বর্ণনা রয়েছে। যেগুলোর দ্বারা জানা যায়, হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম বৃত্তান্ত, শান মানের আলোচনা একটি ভালো ও পছন্দনীয় কাজ যা হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের স্বীয় বাণী ও আমল এবং সাহাবা তাবেয়ীদের আমল দ্বারা প্রমাণিত এবং এও জানা যায় যে, লোকজনের সমাবেশে হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম সময়কার ঘটনাবলী এবং শান ও মান বর্ণনা করার প্রচলন তখনো ছিল। হ্যাঁ ক্বরূনে ছালাছার মধ্যে পরবর্তী জামানার মত উক্ত আলোচনার জন্য দাওয়াত জিয়াফত, শিরনী বিতরণ এবং নানা ধরনের ছদক্বা খয়রাতের প্রচলন ছিল না, ক্বরূনে ছালাছার পর উলামা- মাশায়েখ নেক নিয়তের ভিত্তিতে উক্ত কাজগুলোর মূলতঃ মুবাহ এবং ভালো কাজগুলো বৈধ এবং ভালো হওয়ার মধ্যে সন্দেহের কোন অবকাশ নেই।

নিম্ন উল্লেখিত উলামা- মুহাদ্দিসগণের ফতোয়া ও বাণী সমূহের দ্বারা এ কথাটি দিবালোকের মত স্পষ্ট হয়ে উঠবে।

করূনে ছালাছার পর মীলাদ শরীফ

ইতিহাস এবং সীরাতের কিতাবাদিতে উল্লেখ রয়েছে যে, হিজরী সপ্তম শতাব্দীর প্রথম দিকে সর্বপ্রথম মাওছিল শহর এবং এক বুযুর্গ হযরত শায়েখ ওমর বিন মুহাম্মদ মীলাদ শরীফের জন্য মাহফিলের ব্যবস্থাপনার সূচনা করেন এবং তাঁরই অনুকরণে ইরবলের বাদশা "মালিক মুজাফফার আবু সাঈদ" মীলাদ মাহফিলের আয়োজন করেন। যেমন ইমাম নববীর উস্তাদ হাফিজে হাদীস শিহাব উদ্দীন বিন ইসমাঈল আবু শামা তাঁর কিতাব الباعث في انكار البدع والحوادث এর মধ্যে উল্লেখ করেন-

واول من فعل ذالك بالموصل الشيخ عمر بن محمد الملا احد الصالحين المشهورين وبه اقتدي في ذالك صاحب اربل رحمهم الله تعالى-(الباعث في انكار البدع والحوادث)

অর্থাৎ সর্বপ্রথম যিনি মীলাদ মাহফিলের আয়োজন করেন, তিনি হচ্ছেন মাওছিলের একজন প্রখ্যাত বুযুর্গ মহাপন্ডিত শায়েখ উমর বিন মুহাম্মদ(৫৭০ হিজরী) এবং তাঁরই অনুসরণ করে ইরবলের বাদশাহ ও মাহফিলে মীলাদের আয়োজন করতেন। বাদশাহর উক্ত মাহফিলে মীলাদে সে জামানার উলামা-মাশায়েখ নির্দ্বিধায় শরীক হতেন। যেমন- ইমাম জালাল উদ্দীন সুয়ূতী (রহঃ) কিতাবে মধ্যে লিখেন -অর্থাৎ বাদশাহের উক্ত মাহফিলে উলামা মাশায়েখ নিঃসংকোচে উপস্থিত হতেন।

ইরবলের বাদশাহ অনেক গুরুত্ব সহকারে মীলাদ মাহফিলের আয়োজন করতেন, এতে উলামা মাশায়েখ এবং আপামর মুসলিম জনসাধারণের মহাসমাগম হত, যার ফলে উক্ত মাহফিলের খ্যাতি চারদিকে ছড়িয়ে পড়েছিল। এ কারণে কোন কিতাবের মধ্যে উক্ত বাদশাহকেই মীলাদ মাহফিলের প্রথম আয়োজনকারী সাব্যস্ত করা হয়েছে।

হুজ্জাতুদ্দীন ইমাম মুহাম্মদ বিন যুফার আল মাক্কি (রহঃ) (৪৯৭-৫৬৫হিজরী)

اہل محبت حضور صلی اللہ علیہ وآلہ وسلم کے میلاد کی خوشی میں دعوتِ طعام منعقد کرتے آئے ہیں۔ قاہرہ کے جن اصحابِ محبت نے بڑی بڑی ضیافتوں کا انعقاد کیا ان میں شیخ ابو الحسن بھی ہیں جو کہ ابن قفل قدس اللہ تعالی سرہ کے نام سے مشہور ہیں اور ہمارے شیخ ابو عبد اللہ محمد بن نعمان کے شیخ ہیں۔ یہ عمل مبارک جمال الدین عجمی بمذانی نے بھی کیا اور مصر میں سے یوسف حجار نے اسے بہ قدر وسعت منعقد کیا اور پھر انہوں نے حضور نبی اکرم صلی اللہ علیہ وآلہ وسلم کو (خواب میں (دیکھا کہ آپ صلی اللہ علیہ وآلہ وسلم یوسف حجار کو عمل مذکور کی ترغیب دے رہے تھے۔[-"صالحي، سبل الهدي

SonarMadina.Com

Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

والرشاد في سيرة خير العباد صلي الله عليه وآله وسلم ، ١ : ٣٦٣]

হুজ্জাতুদ্দীন আবু আব্দুল্লাহ মুহাম্মদ বিন আব্দুল্লাহ বিন যুফার আল মাক্কি (রহঃ) (১১০৪-১১৭০খ্রীঃ) আদ্দুররুল মুনাজ্জাম গ্রন্থে পবিত্র মীলাদ শরীফ সর্ম্পকে বলেন যে আহলে মহব্বত হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মীলাদের খুশীতে খানাপিনার আয়োজন করে আসছেন। কাহেরার (মিসরের) যে সকল আহলে মহব্বত ব্যক্তিত্ব বড় বড় যিয়াফতের আয়োজন করেছেন তাদের মধ্যে শায়খ আবুল হাসান (রহঃ) অন্যতম। যিনি ইবনে কুফুল কুদ্দিসা সিররুহ নামে সমধিক প্রসিদ্ধ ছিলেন। তিনি আমাদের শায়খ আবু আব্দুল্লাহ মুহাম্মদ বিন নুমান এর উস্তাদ। এই বরকতময় আমল জামাল উদ্দীন আজমী হামদানীও করেছেন। মিসরে ইউছুফ হাজ্জার এই অনুষ্ঠানকে বিস্তৃত আকারে উদযাপন করেন। (সুবুলুল হুদা ওয়ার রাসাদ ফী সিরাতি খাইরীল ইবাদ ৩৬৩)

ইমাম ইবনুল জাওযী (রহ) ৫১০-৫৯৭

৪র্থ যুগের প্রখ্যাত মুহাদ্দিস প্রসিদ্ধ রিজাল শাস্ত্রবিদ মওজুআতের সংকলক, জামিউল মাসনাদিল আল আলকাব এর মুছান্নিফ আবুল ফরজ আব্দুর রহমান বিন আলী বিন বিন মাহমুদ বিন আলী বিন আব্দুল্লাহ বিন হুমাইদী কুরাইশী হাম্বলী বাগদাদী (রহ) ৫১০-৫৯৭ হিজরী তার রচিত মীলাদ শরীফের গ্রন্থ হলো (১) বয়ানু মীলাদুন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (২) মাওলিদুল উরূস। তিনি পবিত্র মীলাদ শরীফ সর্ম্পকে লিখেন-

وقد بسط الكلام فى ترغيب مولد النبى صلى الله عليه وسلم قال فلا زال اهل الحرمين الشريفين والمصر واليمن والشام وسائر بلاد العرب من المشرق والمغرب يحتفلون بمجلس مولد النبى صلى الله عليه وسلم يفرحون بقدوم هلال ربيع الاول ويغتسلون ويلبسون بالثياب الفاخرة ويتزينون بانواع الزينة ويتطيبون ويكتحلون وياتون بالسرور فى هذا الايام ويبذلون على الناس بما كان عندهم من المضروب والاجناس ويقيمون اهتماما بليغا على السماع والقرأة لمولد النبى صلى- الله عليه وسلم وينالون بذالك اجرا جزيلا وفوزا عظيما ومما جرب عن

ذالك انه وجد فى ذالك العام كثرة الخير والبركة مع السلامة والعافية وسعة الرزق وازدياد المال والاولاد والاحفاد ودوام الامن فى البلاة والا مصار والسكون والقرار فى البيوت والدار ببركة مولد النبىٔ صلى الله عليه وسلم-

পবিত্র মক্কা মদীনার অধিবাসীরা এবং মিশর, ইয়ামেন, সিরিয়া ও পূর্ব-পশ্চিমের আরবীয় শহরগুলোতে জনসাধারণ হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্মদিনে মজলিসে সমবেত হয়। তারা রবিউল আউয়াল মাসের চন্দ্র উদয় হলে খুব খুশি হয়। তারা মনের খুশীতে গোসল করে, উত্তম পোষাক পরিধান করে, নানা প্রকার সাজে সজ্জিত হয়, আতর ও সুগন্ধি ব্যবহার করে ও চোখে সুরমা লাগায়। আর ঐ দিনে তারা খুব আনন্দ উপভোগ করে। তারা নিজেদের কাছে টাকা পয়সা, জিনিস পত্র সম্ভাব্য যা কিছু আছে তা গরীব মিসকীনদের দান করে। আর মীলাদ শরীফ শোনার জন্য খুব আড়ম্বর পূর্ণ ব্যবস্থা করে। এ কাজের জন্য তারা বিরাট পুণ্য লাভ করে এবং আল্লাহর নৈকট্য লাভে সমর্থ হয়। যেমন বাস্তব অবস্থা থেকে জানা যায় যে, হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মিলাদ অনুষ্টানের বরকতে ঐ বছর বিপুল পরিমানে খায়র বরকত, শান্তি-নিরাপত্তা, সুস্থতা, জীবিকার প্রাচুর্যতা এবং ধনসম্পদ ও সন্তান সন্ততিতে প্রবৃদ্ধি হওয়া, শহরে বন্দরে শান্তি-নিরাপত্তা ও শৃঙ্খলা এবং বাড়ি ঘরে শান্তি ও আরাম বিরাজমান থাকে। (বয়ানুল মীলাদিন নাবাভিয়্যা আদদুররুল মুনাজ্জাম)

আল্লামা ইবনে যাওযী (রহঃ) আর বলেন

وجعل لمن فرح بمولده حجابًا من النار وسترًا، ومن أنفق في مولده درهمًا كان المصطفيٰ صلي الله عليه وآله وسلم له شافعًا ومشفعًا، وأخلف الله عليه بكل درهم عشرًافيا بشري لكم أمة محمد لقد نلتم خيرًا كثيرًا في الدنيا وفي الأخري. فيا سعد من يعمل لأحمد مولدًا فيلقي الهناء والعز والخير والفخر، ويدخل جنات عدن بتيجان درّ تحتها خلع خضرًا

আল্লামা ইবনে যাওযী (রহঃ) 'মাওলিদুল আরুছ' গ্রন্থে লিখেছেন ঃ এবং প্রত্যেক ওই ব্যক্তি যে রাসূলুল্লাহ (সাঃ)-এর মীলাদের উপর খুশী হয়েছে, আল্লাহ তায়ালা

SonarMadina.Com

Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

(এই খুশিকে) তার জন্য আগুন হতে নিরাপদ থাকার জন্য হিজাব এবং ঢাল বানিয়ে দিয়েছেন এবং যে ব্যক্তি মাওলুদে মোস্তফা (সাঃ) এর জন্য এক দেহরাম খরচ করেছে, তবে রাসূলুল্লাহ (সাঃ) তার জন্যে শাফি এবং মোশাফফা (সুপারিশকারী ও যার সুপারিশ মকবুল) হয়ে যাবেন এবং আল্লাহ তায়ালা প্রত্যেকটি দেহরামের বিনিময়ে তাকে দশ দেহরাম দান করবেন।

হে উম্মতে মুহাম্মদিয়া! তোমার জন্য খোশখবরী যে, তুমি দুনিয়া এবং আখেরাতে অসংখ্য উত্তম কল্যাণ হাসিল করেছ। সুতরাং যে কেউ আহমদ মুজতাবা (সাঃ)-এর মীলাদের জন্য কোনও কাজ করে, তাহলে সে সৌভাগ্যশালী, সুসম্মানধারী, কল্যাণ ও মঙ্গল লাভ করে এবং সে জান্নাতের বাগিচাসমূহে মতিখচিত তাজ এবং সবুজ পোশাক পরিহিত অবস্থায় প্রবেশ করবে। [(১) ইবনে যাওযী ঃ মালাদুল আরূছ ঃ পৃষ্টা ১১)]

হাফিজুল হাদীস ইমাম আবু শামাহ (রহঃ) ৫৯৯-৬৬৫ হিজরী

হাফিজুল হাদীস ইমাম মুহাম্মদ আব্দুর রহমান ইবনে ইসমাইল ওরফে আবু শামাহ (রহঃ) ৫৯৯-৬৬৫ হিজরী

ومن أحسن ما ابتدع في زماننا من هذا القبيل ما كان يفعل بمدينة اربل جبرها الله تعالى كل عام في اليوم الموافق ليوم مولد النبي صلى الله عليه وسلم من الصدقات والمعروف واظهار الزينة والسرور فان ذلك مع ما فيه من الاحسان الى الفقراء مشعر بمحبة النبي صلى الله عليه وسلم وتعظيمه وجلالته في قلب فاعله وشكرا لله تعالى على ما من به من ايجاد رسوله الذي أرسله رحمة

আমাদের যামানায় প্রতি বছর আরবিল শহরে হযরত নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম দিনে যা কিছু নতুন কর্ম করা হয় তাও বিদআতে হাসানার অন্তর্ভুক্ত কাজ। এদিনের অনুষ্টানে গরীব লোকদেরকে দান সদকা করা হয়। আর সাজ সজ্জা ও আনন্দ প্রকাশ খুশী করা হয়। কেননা এ কাজ দ্বারা গরীব ও অভাবী লোকদের উপকার করা হয় এবং হযরত নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি মহব্বত প্রদর্শন করা ও তার প্রতি শ্রদ্ধা প্রকাশ করা হয়। এ অনুষ্টান দ্বারা হযরত নবী হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের

মহত্ব ও বুযুর্গী আয়োজকদের অন্তকরনে নিবদ্ধ হয়। আর আল্লাহ তায়ালা যে হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে রাহমাতুললিল আলামীন রুপে প্রেরন করে আমাদের প্রতি বিরাট ইহসান করেছেন, সে জন্য বিরাট শুকরিয়া ও কৃতজ্ঞতাও প্রকাশ করা হয়। (আদদুররুল মুনাজ্জাম)

ইমাম জহির উদ্দিন জাফর আত্তাজামনুতী আশ-শাফেয়ী (মৃত্যু ১২৮৩ খ্রীঃ)

هذا الفعل لم يقع في الصدر الأول من السلف الصالح مع تعظيمهم وحبهم له إعظاماً ومحبة لا يبلغ جمعنا الواحد منهم ولا ذرة منه، وهي بدعة حسنة إذا قصد فاعلها جمع الصالحين والصلاة علي النبي صلي الله عليه وآله وسلم وإطعام الطعام للفقراء والمساكين وهذا القدر يثاب عليه بهذا الشرط في كل وقت.

محافل میلاد کے انعقاد کا سلسلہ پہلی صدی ہجری میں شروع نہیں ہوا اگرچہ ہمارے آسلاف صالحین عشق رسول صلی اللہ علیہ وآلہ وسلم سے اس قدر سرشار تھے کہ ہم سب کا عشق و محبت ان بزرگانِ دین میں سے کسی ایک شخص کے عشق نبی صلی اللہ علیہ وآلہ وسلم کو نہیں پہنچ سکتا۔ میلاد کا انعقاد بدعتِ حسنہ ہے، اگر اس کا اہتمام کرنے والا صالحین کو جمع کرنے، محفل درود و سلام اور فقراء و مساکین کے طعام کا بندوبست کرنے کا قصد کرتا ہے۔ اس شرط کے ساتھ جب بھی یہ عمل کیا جائے گا موجبِ ثواب ہوگا۔"صالحي، سبل الهدي والرشاد في سيرة خير العباد صلي الله عليه وآله وسلم ، ١ : ٣٦٤

মাহফিলে মীলাদ অনুষ্ঠানের সিলসিলা হিজরী প্রথম শতাব্দীতে আরম্ভ হয়নি। যদিও আমাদের পূর্ববর্তীকালে পূণ্যবান লোকদের রাসূল (সাঃ)-এর প্রেম ও প্রীতি এতই অধিক ছিল যে, আমাদের সকলের মহব্বত ও ভালবাসা সেই বুজুর্গানের দ্বীনের মধ্য হতে কোন একজনের নবী প্রেমের সমপর্যায়ে পৌঁছুতে পারে না। তবুও মীলাদ অনুষ্ঠানের আয়োজ করা 'বেদায়াতে হাসানা' অর্থাৎ উত্তম ও পূণ্যধর্মী বেদায়াত। যদি এই অনুষ্ঠানের আয়োজনকারী পূণ্যবান লোকদের জড় করা, দুরূদ ও সালামের মাহফিলের বন্দোবস্ত করা, গরীব-মিসকীনদের খাদ্যের ব্যবস্থা করার উদ্যেশে তা করেন, তাহলে এতে যা কিছু সম্পূরক আমল করা

SonarMadina.Com Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

হোক না কেন, তার সব কিছু সওয়াব ও পূণ্য লাভের পরিচায়ক হবে। (১) সালেহী ; সুবুলুল হুদা ওয়ার রাশাদ ফী সীরাতি খায়রিল ইবাদ (সাঃ), খণ্ড ১, পৃষ্ঠা ৩৬৪]

পাশ্চাত্য দুই ফকীহ ঃ আবুল আব্বাছ (রহ.) অফাৎ -৬৩৩ হিজরী ও আবুল কাছিম (রহ.) অফাৎ ঃ ৬৭৭ হিজরী

من علماء المغرب الفقيهان العالمان الأميران أبو العباس (مات سنة ٦٣٣) وابنه أبو القاسم (مات سنة (.٦٧٧ العزفيان السَّبْتِيان

وهما من الأئمة كما قال صاحب المعيار ج١١ ص٣٧٩. فأما الأول فقد قال عنه ابن حجر في تبصير المنتبه ج١ ص٢٥٣: كان زاهدًا إمامًا مفنّنًا مُقْتِيًّا أَلَّفَ كتاب المولد وجوّده مات سنة ٦٣٣

. وأمّا الثاني فقد قال عنه الزركلي في الأعلام ج٥ ص٢٢٣: كان فقيها فاضلا, له نظم أكمل الدر المنظم , في مولد النبي المعظّم من تأليف أبيه أبى العباس بن أحمد. مات سنة .٦٧٧ ومما جاء في كتابهم في كتاب الدر المنظم والذي لم ير سبيله إلى النشر) :كان الحجاج الأتقياء والمسافرون البارزون يشهدون أنه في يوم المولد في مكة لا يتم بيع ولا شراء كما تنعدم النشاطات ما خلا وفادة الناس إلى هذا الموضع الشريف. وفي هذا اليوم أيضاً تفتح الكعبة وتزار(.

পাশ্চাত্য দুই ফকীহ ঃ আবুল আব্বাছ (রহ.) অফাৎ -৬৩৩ হিজরী ও আবুল কাছিম (রহ.) অফাৎ ঃ ৬৭৭ হিজরী -

তারা উভয়েই সমসাময়িক আলেম সমাজে বহুল পরিচিত ও গ্রহণ যোগ্য আলেম ছিলেন।

আবুল আব্বাছ (রহ.) ছিলেন ইমাম ও মুফতি হিসেবে পরিচিত ছিলেন।

*তাফসীরুল মুনতাবিহ পৃঃ২৫৩ খন্ড ১।

*ছাহেবুল মি'আর পৃঃ ৩৭৯ খন্ড ১১। আল-আলাম পৃঃ ২২৩ খন্ড ৫।

তিনি মাওলিদুন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বিষয়ে একখানা কিতাব রচনা করেছেন। আবুল কাসেম (রহ.) একজন বিখ্যাত ফিকহ শাস্ত্রবিদ ছিলেন। তিনি আকমালুদ্দুর বিল মুনাযযম ফি মাওলিদিন নবীইয়্যিল আযম নামে একখানা কিতাব রচনা করেছেন।

এ কিতবে বর্ণিত আছে যে, হাজীগন, মুক্তাকীগন, ও মুসাফিরগন সকলেই মিলাদ শরীফের মাহফিলে উপস্থিত হতেন। এমনকি মাহফিলে মিলাদের সময়ে মক্কাশরীফের বাজারে বেচা কেনা বন্ধ হয়ে যেত। বাজারে কোন ক্রেতাই থাকতনা। সকলেই মাহফিলে উপস্থিত হয়ে যেত। এবং এদিন এবং কাবা শরীফের দরজা খোলা হত ও জনতা তা দর্শনে আত্মতিপ্তি লাভ করত।

ইমাম মুহাম্মদ বিন আবি ইসহাক বিন ইবাদ আন নাফিজি মৃত্যু ৭৩৩/৮০৫ হিজরী

.الإمام محمد بن أبي إسحق بن عباد النفزي (٧٣٣هـ-٨٠٥هـ)

، ففي كتاب "المعيار المعرب والجامع المغرب عن فتاوي أهل إفريقية والأندلس والمغرب (٢٧٨/١١) ما نصه:

)وسئل الولي العارف بالطريقة والحقيقة أبو عبد الله بن عباد رحمه الله ونفع به عما يقع في مولد النبي صلى الله عليه وسلم من وقود الشمع وغير ذلك لأجل الفرح والسرور بمولده عليه السلام.

فأجاب :الذي يظهر أنه عيد من أعياد المسلمين، وموسمٌ من مواسمهم، وكل ما يقتضيه الفرح والسرور بذلك المولد المبارك، من إيقاد الشمع وإمتاع البصر، وتنزه السمع والنظر، والتزين بما حسن من الثياب، وركوب فاره الدواب؛ أمر مباح لا ينكر قياساً على غيره من أوقات الفرح، والحكم بأن هذه

SonarMadina.Com

Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

الأشياء لا تسلم من بدعة في هذا الوقت الذي ظهر فيه سر الوجود، وارتفع فيه علم العهود، وتقشع بسببه ظلام الكفر والجحود، يُنْكَر على قائله، لأنه مَقْتٌ وجحود

وادعاء أن هذا الزمان ليس من المواسم المشروعة لأهل الإيمان، ومقارنة ذلك بالنيروز والمهرجان، أمر مستثقل تشمئز منه النفوس السليمة، وترده الآراء المستقيمة.(

ইমাম মুহাম্মদ বিন আবি ইসহাক বিন ইবাদ আন নাফিজি মৃত্যু ৭৩৩/৮০৫ হিজরী আল মি'আরুল মাগরিব ও আল জামিউল মাগরিব গ্রন্থদ্বয়ে আফ্রিকাবাসী স্পেনবাসী উলামা গনের ফতওয়ায় ২৭৮ পৃ: ১১তম খন্ডে বর্ণিত আছে যে, প্রখ্যাত ওলি ও বিশিষ্ট আলেম আবু আব্দিল্লাহ বিন ইবাদ (রহ) কে মীলাদ মাহফিলের অনুষ্ঠানে বাতি জ্বালালো ও খুশি প্রকাশ সম্পর্কে জিজ্ঞাসা করা হলে উত্তরে তিনি বলেন,

তা মুসলমানদের ঈদ সমূহের একটি ঈদ এবং তা মুসলামানদের উৎসব সমূহের একটি ঈদ এবং তা মুসলমানদের উৎসব সমূহের একটি। এ শুভ জন্ম দিনে উল্লাস ও উৎফুল্লতাই বাঞ্চনীয়। দৃষ্টির তৃপ্তিতে বাতি জালানো, শ্রবণ তৃপ্ততা গীতি কাব্য ও উত্তম পোষাক। পরিধান, অথবা ঘোড়দৌড়া তা অবশ্যই জায়েজ। কোন সন্দেহ নেই। স্বাভাবিক বিবেচনায় জায়েজ। অন্যান্য খুশীর চেয়ে তা অবশ্যই গুরুত্ববহ। তার হুকুম হচ্ছে: যেদিনে কুল কায়েনাতের গুপ্তভেদ প্রকাশিত হল- সে দিনের এসব খুশীর কখনো বিদ্আত হতে পারেনা। কেননা এদিনেই তো গুপ্ত কোন ভাণ্ডার উম্মোচিত হয়েছিল, নুরের জ্যোতি বিকরিত হয়েছিল, বাতিল ও কুফরের ধ্বজা অস্তানীত হয়েছিল। তাইতো মুমিনকে উজ্জীবিত হতে হয়, উৎফুল্ল হতে হয়। যার অন্তরে যাদের রয়েছে বিদ্বেষ তারাই হয় মর্মাহত।

শায়খুল ইসলাম সিরাজ উদ্দীন বালকিনি (রহঃ) মৃত্যু ৭২৪ হিজরী।

شيخ الإسلام سراج الدين البلقيني ٧٢٤)

قال العلامة المقريزي في كتابه "المواعظ والاعتبار" ج٣ ص١٦٧

فلما كانت أيام الظاهر برقوق عمل المولد النبويّ بهذا الحوض في أوّل ليلة جمعة من شهر ربيع الأول في كلّ عام فإذا كان وقت ذلك ضربت خيمة عظيمة بهذا الحوض وجلس السلطان وعن يمينه شيخ الإسلام سراج الدين عمر بن رسلان بن نصر البلقيني ويليه الشيخ المعتقد إبراهيم برهان الدين بن محمد بن بهادر بن أحمد بن رفاعة المغربيّ ويليه ولد شيخ الإسلام ومن دونه وعن يسار السلطان الشيخ أبو عبد الله محمد بن سلامة التوزريّ المغربيّ ويليه قضاة القضاة الأربعة وشيوخ العلم ويجلس الأمراء على بعد من السلطان فإذا فرغ القراء من قراءة القرآن الكريم قام المنشدون واحدًا بعد واحد وهم يزيدون على عشرين منشدًا فيدفع لكل واحد منهم صرّة فيها أربعمائة درهم فضة ومن كلّ أمير من أمراء الدولة شقة حرير فإذا انقضت صلاة المغرب مدّت أسمطة الأطعمة الفائقة فأكلت وحمل ما فيها ثم مدّت أسمطة الحلوى السكرية من الجواراشات والعقائد ونحوها فتُؤكل وتخطفها الفقهاء ثم يكون تكميل إنشاد المنشدين ووعظهم إلى نحو ثلث الليل فإذا فرغ المنشدون قام القضاة وانصرفوا وأقيم السماع بقية الليل واستمرّ ذلك مدّة أيامه ثم أيام ابنه الملك الناصر فرج.(

শায়খুল ইসলাম সিরাজ উদ্দীন বালকিনি রহ মৃত্যু ৭২৪ হিজরী। আল্লামা মাকরিযি রচিত আল মাওয়াইজ ওয়াল ইতিবার পৃ: ১৬৭ খন্ডত ৩এ- দেখা যায়। এ ধরায় যখন নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর আগমনের দিনগুলি আসে, রবিউল আউয়াল মাসের প্রথম শুক্রবার রাতে বিশাল শামিআন টানিয়ে এক ঝক ঝামক পূর্ণ অনুষ্ঠান আয়োজন করা হয়। বাদশাহ ডানে ও বামে আসন গ্রহন করেন শায়খ সিরাজ উদ্দীন বিন উমর বিন রাসলান বিন নছর বালকিনি। তার পিছে সমাসীন হন শাখ মুতাকিদ ইবরাহীম বুরহান উদদীন বিন মুহাম্মদ বিন

SonarMadina.Com

Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

বাহাদুর বিন রিফাআ আল মাগরিবী, তার পেছনে বসেন শায়খুল ইসলামের ছেলে। অন্যনা বাদশাহ্‌র আস পাশে শায়খ আবু আব্দিল্লাহ মুহাম্মদ বিন ছালামাহ তুজরী মাগরিবী ও তার পেছনে চার মাযহাবের কাজীগন ও অন্যান্য আলেম উলামা আসন গ্রহণ করেন। আমির উমরাহগণ এর পর বসতেন।

অতঃপর কুরআন শরীফ থেকে তেলাওয়াত শেষে কবি ও আবৃত্তিকারগণ একের পর এক নাআত পরিবেশন করতে থাকেন। ২০ জনের ও অধিক কবির সমাগম হত সর্বদা। কবিদের নানা উপহার দেয়া হত। শত শত দিরহামের থলে তাদের প্রতি ছুড়ে দেয়া হত। আমীর উমরাহ যে যত পারে মর্মে দান দিক্ষণা করতেন। এমত শুক্রবার সারাদিন চলত। শুক্রবার মাগরিবের নামাজ শেষে সকলের তরে ভোজনের আয়োজন করা হত। সুস্বাদু সকল প্রকার খাবারে সমাহার থাকত। মিষ্টি বিতরণ করা হত। অনুষ্ঠান অবীরত থাকত্ যখন আবৃত্তিকারের গাওয়া শেষ হত এবং রাতের এক তৃতীয়াংশ অতিবাহিত হত তখন আমীর ওমরাগন ধীরে ধীরে বাড়ি ফিরতেন। এমত রবিউল আউয়াল মাস সারাটি মাস নিরন্তর অনুষ্ঠান চলতে থাকতো। তদানীন্তন বাদশাহ ও তাঁর ছেলে মালিক নাসেরে আমলেও এরূপ হত। আনবাইল গুমার পৃঃ ৫৬২, খন্ড, ০২ ইবনে হাজার আসকালানী রহ।

في عهد الظاهر سيف الدين جقمق وقايت باي وبحضور الائمة والعلماء والقضاة من المذاهب الاربعة وإحتفال الناس قال السخاوي) وفيّ هذا الشهر (ربيع الأول ٨٤٥ ه في عهد السلطان جقمق(كان المولد السلطاني (المولد النبوي الشريف) على العادة ..

ثم قال ولا زال أهل الإسلام يحتفلون بيوم مولده صلى الله عليه وسلم ويعملون الولائم لذلك ويتصدقون في لياليه بأنواع الصدقات ويظهرون السرور ويزيدون في المبرات ويعتنون

بقراءة مولده الكريم ويظهر عليهم من بركاته فضل عميم.... قال ابن الجوزي ومما جرب من خواصه :أمان في ذلك العام وبرشى عاجلة بنيل البغية والمرام

ثم قال السخاوي (ولم يكن في ذلك إلا إرغام الشيطان وسرور أهل الإيمان لكفى

السيرة الحلبيةج ١ ص ٨٣ ــ ٨٤ وراجع تاريخ الخميس ج ١ ص٢٢٣

ইমাম ছাখাবী রহ. তার রচিত "সুলতান ঝকমক (৮৪৫হিঃ) এর আমলে রবিউল আউয়াল' গ্রন্থে বলেন, সুলতান সাইফুদ্দিন ঝকমক রেফায়েত বেগ এর যুগে মীলাদ মাহফিল অনুষ্ঠান ও ইয়াওমে মীলাদুন্নবী স. উদযাপনে সকল আযহারের আলেম উলামা ও চার মাযহারের কারীগণ উপস্থিত হতেন। তিনি আরও বলেন সুলতানী মীলাদ শরীফ অর্থাৎ মীলাদুন্নবী স. এর মাহফিল অনুষ্ঠান ছিল চিরাচরিত এক প্রথা। সকল প্রকার আলেম উলামা ও সকল স্তরের মুসলিম জনতার মহা উল্লাশের এক বহিঃপ্রকাশ ছিল মীলাদুন্নবী স. এর মাহফিল।

অত:পর তিনি বলেন, কোন দিন-ই মুসলিম জনতা মীলাদুন্নবী স. উদযাপনে বিরত থাকেনি। তারা এদিনি খুবই আন্তরিকতার সাথে উদযাপন করত। আপ্যায়ন অনুষ্ঠান করত, দান খয়রাত করত। রাত সমূহ নানা প্রকার উত্তম কার্যকারীনী ও নফল ইবাদতের মাধ্যমে অতিবাহিত করত্ খুশী প্রকাশ, উত্তম আমল সমূহের সমাহার মীলাদ শরীফ অনুষ্ঠান ছিল এদিনের অন্যতম উত্তম কাজ। আল্লাম ইবনু জাওযী রহ. বলেন, এদিনে এসব কাজের বৈশিষ্ঠ হল. যে অনুষ্ঠান করবে সারাটি বছর সুখশান্তিতে বসবাস করবে এবং পরকালের জন্য অনেক কিছু আহরণ করে ফেলবে।

অত:পর ইমাম ছাখাবী রহ বলেন, এতে মুমীনের আত্মা পরিতৃপ্তি হয় ও শয়তানের আত্মা বন্ধ হয়। (সীরাতে হালাবিয়া খন্ড-১ পৃষ্ঠা ৮৩-৮৪, তারীকুল খানীছ খন্ড-১ পৃষ্ঠা ২২৩)

ইমাম জালাল উদ্দিন সুয়ূতী (রঃ)

৪র্থ যুগের প্রখ্যাত মুহাদ্দিস জলিলুল কদর গবেষক, তাফসীরে জালালাইন শরীফ ও তাফসীরে আদ দুররুল মানছুর, আল ইতকান মুছান্নিফ ইমাম আব্দুর রহমান বিন আবু বকর জালালুদ্দীন সূয়ুতী ৮৪৯-৯১১ হিজরী যিনি ৭৫ বার সপ্নযোগে সাইয়্যিদুল মুরছালিন হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ও জাগ্রত অবস্থায় ৩৫/২৫ বার সাক্ষাত লাভ করেছেন। তার অন্যতম রচনা হলো, মিলাদ বিষয়ক কিতাব হলো হুসনুল মাকসিদ ফি আমালিল মাওলুদ, যা ইমাম তাজ

SonarMadina.Com Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

উদ্দীন ফাকেহানী (রহ) এর মিলাদ বিরোধী কিতাব আল মাউরিদু ফিল কালামি আল আমলিল মাওলিদ المورد في الكلام على عمل المولد, এর প্রতি উত্তর।

والجواب : عندي أن أصل عمل المولد الذي هو اجتماع الناس وقراءة ما تيسر من القرآن ورواية الأخبار الواردة في مبدأ أمر النبي صلى الله عليه وسلم وما في مولده من الآيات ثم يمد لهم سماط يأكلونه وينصرفون من غير زيادة على ذلك هو من البدع الحسنة – التي يثاب عليها صاحبها لما فيه من تعظيم قدر النبي صلى الله عليه وسلم وإظهار الفرح والا ستبشار بمولده الشريف– (حسن المقصد فى عمل المولد)

উত্তর হচ্ছে মওলুদ শরীফের আমলের মূল কথা হচ্ছে, কিছু লোক একত্রিত হবে, কোরান শরীফ থেকে কিছু পাঠ করবে, হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্মের প্রারম্ভের কিছু ঘটনা অবতারণা করবে এবং যে সব অলৌকিক ঘটনা ঘটেছে সে গুলো আলোচনা করবে। অতঃপর উপস্থিত সকলকে কিছু খাওয়াবে। আর এর চেয়ে বেশী কিছু করবেনা এটা হচ্ছে বিদআতে হাসানা যার প্রর্বতককে ছওয়াব প্রদাণ করা হবে। কারণ এতে রয়েছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মহত্বের সম্মান, আনন্দ প্রকাশ তাঁর জন্মের শুভ সংবাদ প্রচার। (হুসনুল মাকসিদ ফি আমালিল মাওলিদ পৃষ্ঠা ৪১; আল হাবী লিল ফাতাওয়া পৃষ্ঠা ১৯৯, সুবুলুল হুদা ওয়ার রাসাদ ফী সীরাতি খাইরিল ইবাদ ১ম খন্ড ৩৬৭, হুজ্জাতুলল্লাহি আলাল আলামিন ফী মুজিজাতি সাইয়্যিদিল মুরসালিন, পৃষ্ঠা ২৩৬, আদদুররুল মুনাজ্জাম)

হাফিজুল হাদীস আবুল ফজল আহমদ বিন হাজর আসকালানী (রহঃ) ৭৭৩-৮৫২হিজরী

৪র্থ যুগের প্রখ্যাত মুহাদ্দিস শায়খুল ইসলাম হাফিজুল হাদীস আবুল ফজল আহমদ বিন হাজর আসকালানী (রহঃ) ৭৭৩-৮৫২হিজরী। সহীহ আল বুখারীর শ্রেষ্ট ভাষ্যকার 'সারে বুখারী' নামে প্রসিদ্ধ। তার রচিত মিলাদ বিষয়ক গ্রন্থ হলো "আল মাওলিদুল কাবীর" ।তিনি পবিত্র মীলাদ শরীফ সর্ম্পকে লিখেন-

وقد سئل شيخ الإسلام حافظ العصر أبو الفضل أحمد بن حجر عن عمل المولد فأجاب بما نصه: أصل عمل المولد بدعة لم تنقل عن أحد من السلف الصاح من القرون الثلاثة ولكنها مع

ذلك قد اشتملت على محاسن وضدها' فمن تحرى في عملها المحاسن وتجنب ضدها كان بدعة حسنة وإلا فلا' قال: وقد ظهر لي تخريجها على أصل ثابت وهو ما ثبت في الصحيحين من أن النبي صلى الله عليه وسلم قدم المدينة فوجد اليهود يصومون يوم عاشوراء فسألهم فقالوا هو يوم أغرق الله فيه فرعون ونجى موسى فنحن نصومه شكرا لله تعالى' فيستفاد منه فعل الشكر لله على ما من به في يوم معين من إسداء نعمة أو دفع نقمة ' ويعاد ذلك في نظير ذلك اليوم من كل سنة' والشكر لله يحصل بأنواع العبادة كالسجود والصيام والصدقة والتلاوة' وأي نعمة أعظم من النعمة ببروز هذا النبي نبي الرحمة في ذلك اليوم' وعلى هذا فينبغي أن يتحرى اليوم بعينه حتى يطابق قصة موسى في يوم عاشوراء' ومن لم يلا حظ ذلك لا يبالي بعمل المولد في أي يوم من الشهر' بل توسع قوم فنقلوه إلى يوم من السنة وفيه ما فيه' فهذا ما يتعلق بأصل عمله– (حسن المقصد فى عمل المولد৬৫)

শায়খুল ইসলাম হাফিজুল আছর আবুল ফজল আহমদ বিন হাজরকে মওলুদ শরীফের আমল ব্যাপারে জিজ্ঞাসা করা হয়েছিল। উত্তরে তিনি বলেন মওলুদ শরীফের আমল মূলত: বিদআত। কারণ সলফে সালেহীন বা তিন যুগের কোন যুগে তার প্রচলন নেই। কিন্তু এতে কিছু ভাল ও মন্দ কাজের মিশ্রণ আছে। সূতরাং যদি মন্দ ছেড়ে ভাল এর উপর আমল করা হয় তবে এটা বিদআতে হাসানা হবে। নতুবা হাসানা হবেনা।

SonarMadina.Com

Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

তিনি বলেন- আমার মতে অনুষ্ঠানের আমল বা মুল আছে বা বুখারী/ মুসলিম শরীফে আছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন মদীনায় তাশরীফ নিলেন তখন দেখতে পেলেন ইয়াহুদীরা আশুরার দিন রোজা রাখছে। হুযূর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে জিজ্ঞেস করলেন তোমরা কেন রোজা রাখছ? তারা উত্তরে বলল ঐ দিন আল্লাহ তায়ালা ফেরাউনকে ডুবিয়ে ছিলেন এবং হযরত মুসা (আঃ) কে মুক্তি দিয়েছিলেন। তাই আমরা এর শোকরিয়া স্বরূপ রোজা রাখি। আর এ থেকে আল্লাহর শোকরিয়া সরূপ ২ দিন রোজা রাখার প্রচলন করেছিলেন। আর এটা প্রতি বৎসর করতেন। আর আল্লাহর শোকরিয়া আদায় বিভিন্ন ভাবে হয়, যেমন- সিজদা করে, রোজা, ছদকা বা তিলাওয়াত দ্বারা। সূতরাং বলা যায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর অবির্ভাব একটা বড় নেয়ামত এর চেয়ে বড় কোন নেয়ামত পৃথিবীতে নেই। সূতরাং বলা যায় উচিৎ হল একটি নির্দিষ্ট দিন বের করা যেখানে আশুরার মত হয়। আর এটাকে একটি আসল বলা যায়। (হুসনুল মাকসিদ ফি আমালিল মাওলিদ পৃষ্ঠা ৬৩, ৬৪। আল হাবি লিল ফাতাওয়া পৃষ্ঠা ১০৫, সুবুলুল হুদা ওয়ার রাসাদ ফী সীরাতি খাইরিল ইবাদ পৃষ্ঠা ১ম খন্ড ৩৬৬, শরহে মাওয়াহেবুল রাদুনিয়া বিলমানহিল মুহাম্মদীয়া ১ম খন্ড ২৬৩পৃষ্ঠা, আস সিরাতুন নাবাভিয়্যাহ১ম খন্ড পৃষ্ঠা ৫৪, হুজ্জাতুললাহি আলাল আলামিন ফী মুজিজাতি সাইয়্যিদিল মুরসালিন, পৃষ্ঠা ২৩৭ আদদুররুল মুনাজ্জাম)

ইমামুল কুররা আল হাফিজ আবুল খায়ের শামছ উদ্দিন বিন আব্দুল্লাহ্ আল জাজরী শাফেয়ী (রহঃ) ৬৭৩-৭৪৮ হিঃ

৪র্থ যুগের প্রখ্যাত মুহাদ্দিস ইমামুল কুররা আল হাফিজ আবুল খায়ের শামছ উদ্দিন বিন আব্দুল্লাহ আল জাজরী শাফেয়ী (রহঃ) ৬৭৩-৭৪৮ হিঃ। আরফুত তায়রীফ বিল মওলিদিশ শরিফ গ্রন্থে লিখেন-

ثم رأيت إمام القراء الحافظ شمس الدين بن الجزري قال في كتابه المسمى عرف التعريف بالمرلد الشريف ما نصه: قد رؤي أبو لهب بعد موته في النوم فقيل له ما حالك؟ فقال: في النارإلا أنه يخفف عني كل ليلة اثنين وأمص من بين أصبعي ماء بقدر هذا- وأشار لرأس أصبعه- وإن ذلك بإعتاقي لثويبة عندما بشرتني بولادة النبي صلى الله عليه وسلم وبارضاعها له' فإذا كان أبو لهب الكافر الذي نزل القرآن بذمه جوزي في

النار بفرحه ليلة مولد النبي صلى الله عليه وسلم؟ به فما حال المسلم الموحد من أمه النبي صلى الله عليه وسلم يسر بمولده ويبذل ما تصل أليه قدرته في محبته صلى الله عليه وسلم؟ لعمري إنما يكون جزاؤه من الله الكريم أن يدخله بفضله جنات النعيم- (حسن المقصد فى عمل المولد৬৬)

ইমামুল কুররা আল হাফিজ শামছ উদ্দিন বিন আল জাজরী তার কিতাব " উরফুত তারীফ বিল মাওলিদিশ শারীফ" গ্রন্থে বলেছেন- আবু লাহাবকে তার মৃত্যুর পর স্বপ্নে দেখা হল। তাকে জিজ্ঞাসা করা হল তোমার খবর কি? সে বলল আমি দোজখে জ্বলতেছি কিন্তু প্রতি সোমবার রাতে আমার আঙ্গুলের ফাঁক চুষে তৃপ্তি লাভ করি এর কারণ হচ্ছে হুযূর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্মের খবর দেওয়ায় ছুওয়াইবিয়াকে আজাদ করার কারণে।

আমি বলব,{ইমাম সুয়ূতী (রহঃ)} আবু লাহাব একজন বড় কাফির। যার ব্যাপারে কোরআন শরীফ নাজিল হয়েছে তার নিন্দা জ্ঞাপন করে। সে যদি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্মের খবর শোনে খুশি হওয়ায় প্রতি সোমাবার একটু তৃপ্তি লাভ করে তবে আমরা উম্মত হয়ে তাঁর জন্মের শোকরিয়া কেন উপকৃত হবনা? (হুসনুল মাকসিদ ফি আমালিল মাওলিদ ৬৫, আল হাবি লিল ফাতাওয়া পৃষ্ঠা ১০৬ আদদুররুল মুনাজ্জাম মাওয়াহেব-জুরকানি ১ম ২৬০, হুজ্জাতুললাহি আলাল আলামিন ফী মুজিজাতি সাইয়্যিদিল মুরসালিন ২৩৭, সুবুলুল হুদা ওয়ার রাসাদ ফী সীরাতি খাইরিল ইবাদ পৃষ্ঠা ১ম খন্ড ৩৬৬)

হাফিজ শামছ উদ্দিন বিন নাসির উদ্দিন আদ দিমাস্কী ৭৭৭-৮৪২হিজরী

৪র্থ যুগের প্রখ্যাত মুহাদ্দিস হাফিজ শামছ উদ্দিন মুহাম্মদ বিন আবি বকর বিন আব্দুল্লাহ কাইছী শাফেয়ী আল মারুফ হাফিজ নাসির উদ্দিন আদদিমাস্কী ৭৭৭-৮৪২হিজরী। তার স্বরচিত মিলাদ বিষয়ক গ্রন্থ "মাওরিদুছ ছাদী ফী মাওলিদিল হাদী"। তিনি পবিত্র মীলাদ শরীফ সর্ম্পকে লিখেন-

وقال الحافظ شمس الدين ناصر الدين الدمشقي في كتابه المسمى مورد الصادي في مولد الهادي : قد صح أن أبا لهب يخفف عنه عذاب النار في مثل يوم الاثنين لإعتاقه ثويباة سروراً بميلاد النبي صلى الله عليه وسلم ثم أنشد: (حسن المقصد فى عمل المولد৬৬)

SonarMadina.Com

Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

جامع الآثار في مولد النبي المختار صلي الله عليه وآله وسلم (تين جلدو پر مشتمل) ٢. اللفظ الرائق في مولد خير الخلائق صلي الله عليه وآله وسلم ٣. مورد الصادي في مولد الهادي صلي الله عليه وآله وسلم

হাফিজ শামছ উদ্দিন বিন নাসির উদ্দিন আদ্‌দামাশ্‌কি তার কিতাব মাওরিদুশ শাদী ফী মাওলিদিল হাদী" গ্রন্থে বলেন হুযূর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জন্মের সুসংবাদ শোনে খুশী হয়ে ছুওয়াইবিয়াকে আযাদ করে দেওয়ায় আবু লাহাবের আজাব যদি হালকা হয় প্রতি সোমবারে (আর একথা শুদ্ধ) তবে আমরা কেন উপকৃত হবনা? অত:পর তিনি একটি কবিতা আবৃত্তি করেন- এই সেই কাফির যার নিন্দায় আয়াত নাযিল হয়েছে, স্থায়ী ভাবে সে দোজখে জ্বলছে। (হুসনুল মাকসিদ ফি আমালিল মাওলিদ পৃষ্ঠা ৬৬। আল হাবি লিল ফাতাওয়া পৃষ্ঠা ২০৬, সুবুলুল হুদা ওয়ার রাসাদ ফী সীরাতি খাইরিল ইবাদ পৃষ্ঠা ১ম খন্ড ৩৬৭, আস সিরাতুন নাবাভিয়্যাহ ১ম খন্ড পৃষ্ঠা ৫৫৪, হুজ্জাতুলল্লাহি আলাল আলামিন ফী মুজিজাতি সাইয়্যিদিল মুরসালিন, পৃষ্ঠা ২৩৮)

ইমাম কামাল আদফায়ী এর অভিমত ৬৮৫ হিজরী

ইমাম কামাল উদ্দীন আবুল ফজল জাফর বিন সালাব বিন জাফর আল আদফায়ী ৬৮৫ হিজরী। তাঁর স্বরচিত গ্রন্থ আস্তালিউস সায়িদুল জামিউলি আছমাইনুজাবা ইস সায়িদ এর মধ্যে তিনি পবিত্র মীলাদ শরীফ সর্ম্পকে লিখেন-

হযরত শাহ আব্দুল আজিজ মোহাদ্দেসে দেহলবী (রহঃ) মুহাররাম মাসের অনুষ্টান এবং মরছিয়াখানি (শোক গাতা পাঠ) সম্পর্কে জনৈক ব্যক্তির জিজ্ঞাসার উত্তরে বলেন, সারা বছরের এ ফকিরের (আমার) বাড়িতে দুটি মজলিস অনুষ্ঠিত হয়। একটি হচ্ছে মীলাদ শরীফের আলোচনা অনুষ্টান, আর অপরটি হচ্ছে শাহাদাতে হাসনাইন (রাঃ) এর আলোচনা অনুষ্টান। প্রথম মজলিসে আশুরার দিন চার শত বা পাঁচ শত বরং প্রায় হাজার লোকের সমাগম হয়। সে মজলিসে দুরুদ শরীফ পাঠ করা হয়। আমিও রাতে মজলিসে উপস্থিত হয়ে বসি। আর হযরত হুসাইন (রাঃ) সম্পর্কে হাদীসে যে সব ফজিলত বর্ণিত হয়েছে মজলিসে তাও বর্ণনা করা হয়। আর হযরত হুসাইন (রাঃ) এবং তার সাথীদের শাহাদত লাভের সম্পর্কে ও কিছু কিছু হাদীস বর্ণনা করা হয়। আর তাদের হত্যাকারীদের খারাপ পরিণতি সম্পর্কে ও বলা হয়। এ উপলক্ষে জ্বিন পরী থেকে হযরত উম্মে সালমা ও অন্যান্য সাহাবীগণ যে শোক গাতা শুনেছেন তারও কিছু কিছু আবৃতি করা হয়। হযরত ইবনে আব্বাস (রাঃ) সহ অন্যান্য সাহাবীগণ যে বিস্ময়কর অদ্ভুত স্বপ্ন দেখেছেন তাও আলোচনা করা হয়। আর হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি সাল্লাম

SonarMadina.Com
Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

যে, এ হৃদয় বিদারক ঘটনায় মর্মাহত হয়েছেন তা ও আলোচনা করা হয়। এরপর কোরআন মজীদ খতম করা হয় এবং পাঁচটি আয়াত পাঠ করে উপস্থিত লোকদের রুহের মাগফিরাতের জন্য দোয়া করা হয়। এর মাঝে কোন ব্যক্তি সুললিত কণ্ঠে সালাম পাঠ করলে অথবা (মরছিয়াহ) শোক গাতা পাঠ করলে উপস্থিত লোকদের ও এ ফকিরটির মনটি কোমল হয়ে মহব্বতের আবেগে নয়ন যোগল অশ্রুসিক্ত হয়ে উঠে এবং কান্নায় অস্তির হয়ে যায়। এ ধরণের আরো অনেক পূণ্যময় কাজ করা হয়। অতএব এ কাজগুলো যদি বানোয়াটি ও শরীয়ত গর্হিত কাজ হলে এ ফকীরের কাছে তা বৈধ হত না এবং আদৌ তা সমর্থন করতাম না। এখন আসুন মীলাদ শরীফের আলোচনায়। বারই রবিউল আউয়াল মাসের বার তারিখ লোকজন পূর্ব আভ্যাস মাফিক আমার বাড়িতে এসে সমবেত হয় এবং দুরুদ শরীফ পাঠে তারা মশগুল হয়। আর এ ফকির ও দুরুদ শরীফ পাঠে তাদের সাথে শামিল হয়। প্রথমতঃ হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ফযীলত সম্পর্কে বর্ণিত হাদীস সমূহের কিছু কিছু বর্ণনা করা হয়। অতপরঃ হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম বৃত্তান্ত ঘটনাবলী, তার দেহ আবয়বের গঠন আকৃতি, দুগ্ধপান কালীন কিছু অবস্থা ও ঘটনাবলী সহ কিছু-কিছু হাদীসও বর্ণনা করা হয়। অতপর উপস্থিত লোকজনের মধ্যে খাদ্য সামগ্রী এবং ফাতিহার নিয়তে শিরনি এবং মিষ্টান্ন বিতরণ করা হয়। এরপর পুরানো দস্তর অনুযায়ী সব শেষে হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চুল মোবারক সবাইকে দেখানো হয়।

দারুণ উলুম দেওবন্দের ফতোয়া

السوال الواحد والعشرون

اتقولون ان ذكرولا دته صلى الله عليه وسلم مستقبح شرعا من البدعت السيئة المحرمة ام غير ذلك

একবিংশ জিজ্ঞাসাঃ- রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শুভ জন্ম আলোচনা বা মীলাদ শরীফ পাঠকে আপনারা বিদআতে সাইয়িআ মুহাররামাহ (মন্দ বিদআত যা হারাম) হিসেবে আখ্যা দিয়ে থাকেন কী না?

الجواب

حاشا ان يقول احد من المسلمين فضلا ان تقول نحن ان ذكرولادته الشريفة عليه الصلوة والسلام بل وذكر غبار نعاله

وبول حماره صلى الله عليه وسلم مستقبح من البدعات السيئة المحرمة فالاحوال التى لها ادنى تعلق برسول الله صلى الله عليه وسلم ذكرها من احب المندوبات و اعلى المستحبت عندنا سواء كان ذكر ولادته الشرفة او ذكر بوله وبرازه وقيامه وقعوده و نومه ونبهته كما هو مصرح فى رسالتنا المسماة با البراهين القاقطعة فى مو اضع شتى منها و فى فتاوى مشائخنا رحمهم الله تعالى كما فى فتوى مولانا احمد على المحدث السهارنفورى تلميذ الشاه محمد اسحق الدهلوى ثم المهاجر المكى ننقله مترجما لتكون نمونة عن الجميع سئل هو ر حمه الله تعالى عن مجلس الميلادبای طريق يجوزو بای طريق لايجوز فاجاب بان ذكر الولادة الشريفة لسيدنا رسول الله صلى الله عليه وسلم بروايات صحيحة فى اوقات خالية عن وظائف العبادات الواجبات وبكيفيات لم تكن مخالفة عن طريقة الصحابة واهل القرون الثلاثة المشهود لهابالخير وبالاعتقادات التى موهمة بالشرك والبدعة وبالاداب التى لم تكن مخالفة عن سيرة الصحابة التى هى مصداق قوله عليه السلام ما انا عليه واصحابى وفى مجالس خالية عن المنكرات الشرعية موجب للخير والبركة بشرط ان يكون مقرونا بصدق النية و الاخلاص واعتقاد كونه داخلا فى جملة الاذكار الحسنة المندوبة غير مقيدبوقت من الاوقات فاذا كان كذلك لا نعلم احدا من المسلمين ان يحكم عليه بكونه غير مشروع اوبدعة الى أخر الفتوى فعلم من هذا انالا ننكر ذكرولا دته الشريفة بل ننكرعلى الامور المنكرة التى انضمت معها كما شاهد تموها فى المجالس المولو دية التى فى الهند من ذكر الرو ايات الواهيات الموضو عة

SonarMadina.Com

Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

واخـــتلاط الرجـــال و النـــساء والاســـر اف فـــى ايقـــاد الـــشموع والتزيينات و اعتقاد كونه واجبا با لطعن والـــسب و التكفيـــر علـــى من لم يحضر معهم مجلسهم وغير هـــا مـــن المنكـــرات الـــشرعية التى لا يكاد يوجد خاليا منها فلـــو خـــلا مـــن المنكـــرات حاشـــا ان نقول ان ذكر الولادة الشريفة منكرو بدعـــة وكيـــف يظـــن بمـــسلم هذا القول الشنيع فهذا القول علينا ايضا مـــن افتـــراء ات الملاحـــدة الدجالين الكـــذابين خـــذلهم الله تعـــالى ولعمـــنهم براوبحراســـهلاو جبلا-

উত্তর: রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মুবারক বেলাদতের আলোচনা বা মীলাদ শরীফ পাঠ এমন কী তাঁর পাদুকা সংশ্লিষ্ট ধূলি অথবা তাঁর বাহন গাধাটির প্রশ্রাব-পায়খানা মুবারক আলোচনাকে আমরা কেন কোন সাধারণ মুসলমান বেদআতে মুহররমা বা হারাম বলতে পারেনা। না তা আমরা কখনো বলিনি, বলিওনা।

ঐ সব অবস্থা যার বিন্দুমাত্র সম্পর্ক হযরত রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আলাইহি ওয়াসাল্লামের সাথে রয়েছে তার আলোচনা আমাদের মতে অধিকতর পছন্দনিয় ও উন্নতমানের মুস্তাহাব ~~[illegible]~~। হোক তা তার পেশাব পায়খানা, তাঁর দাঁড়ানো বা বৈঠক, স্বপন অথবা জাগরণ যা কিছুই হোক তার সবকিছুই আমাদের কাছে নিতান্ত উন্নতমানের মুস্তাহাব কাজ বলে পরিগণিত। এসবের বিস্তর বর্ণনা আমাদের রচিত 'বারাহিনে কাতেআ' শীর্ষক গ্রন্থের সর্বত্রই আলোচিত হয়েছে। যেমন আমাদের পূর্বসূরীগণ তাদের ফাতওয়ায় যেমন মাওলানা সাহারানপুরী যিনি শাহ মোহাম্মদ ইছহাক দেহলভী এর শিষ্য এবং ইমদাদুল্লাহ মুহাজিরে মক্কী (রাহ.)-এর শিষ্য আহমদ আলী সাহারানপুরী আরবী ফতওয়া আমরা অনুবাদ করে প্রকাশ করেছি। যা আমাদের সকল লেখনীর মডেল বলে মনে করি।

মাওলানা সাহেবকে কেউ না কি প্রশ্ন করেছিল? মীলাদ শরীফের মাহফিল কোন রূপরেখায় জায়েয? তদুত্তরে তিনি লিখেন যে, রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মিলাদ মাহফিল যদি ফরজ ওয়াজিব ইবাদতের সময় ব্যতিরেকে বিশুদ্ধ রেওয়ায়াত সমূহের মাধ্যমে সাহাবায়ে কিরামসহ কুরুনে সালাসা বা উত্তম তিন যুগের বিপরীতমুখী বা পরিপন্থী না হয় (যে যুগ উত্তম যুগ হিসেবে অভিহিত)

সে যুগ সমূহ কুরনে সালাসা বলে অভিহিত) শিরকের সাথে সম্পর্কিত কোন আকীদা সংশ্লিষ্ট না হয়, সাহাবায়ে কিরামের আদাব বা শিষ্টাচার পরিপন্থী না হয়, তবে তা মুস্থাহাব হওয়া ব্যতিরেকে অন্যতা হবার কোন অবকাশ নেই। কেননা তারাইতো মাপকাটি বা মেছদাক? কেননা হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন তাই সঠিক যার ওপর আমি ও আমার সাহাবাগণ রয়েছে। আবারও পরিষ্কার ভাষায় আমরা বলব, বিশুদ্ধ নিয়্যাত ও আক্বীদায় শরীয়ত নিষিদ্ধ কার্যাবলী ব্যতীত যে মাহফিলে মীলাদ শরীফসহ রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যে কোন অবস্থা ও কার্যাবলীর যে কোন আলোচনা যদি শর্তমুক্ত সময়ে আলোচিত হলে এমন কাজের বিরোধিতা আমরা করি না বরং শরীয়ত বিরোধী এমন কাজ যদি কোন মাহফিলে করা হয় আমরা শরীয়ত বিরোধী কার্যাবলীরই বিরোধিতা করে থাকি। যেমন আমরা নিজেরাই দেখেছি হিন্দুস্থানের মীলাদ মাহফিলসমূহে উদ্ভট ও মওযু বর্ণনাসমূহের আলোচনা করা হয়। নারী পুরুষের সমবিহার থাকে। আলোক সজ্জা করা হয় এবং অন্যান্য প্রাসঙ্গিকতারও অপচয় করা হয় এবং এমন মাহফিল করা ওয়াজিব মনে করা হয় তারই সাথে যারা এমন মাহফিলে উপস্থিত হয় না তাদেরে গালাগালি এমন কি কাফের বলে আখ্যা দেয়া হয়। এছাড়াও আরও অনেক উদ্ভট বিষয়াবলীর সমাহার থাকে।

মীলাদ শরীফের মাহফিল যদি এমন কার্যাবলী ছাড়া অনুষ্ঠিত হয় তবে কেন আমরা নাজায়েয বা বিদআত বলব? এমন মন্দ কথা তো কোন মুসলমানর পক্ষে বলা সম্ভব নয়। এটা আমাদের প্রতি বিদ্বেষীদের একটা মিথ্যা অপবাদ মাত্র। আল্লাহ ওদের জলে স্থলে সর্বত্র ধ্বংস করুন।

দারুণ উলুম দেওবন্দে ফতোয়া

السوال الثانى والعشرون

هل ذكرتم فى رسالة ما ان ذكـــر ولادتـــه صـــلى الله عليـــه وســـلم كجنم استمى كنيها ام لا؟

দ্বাবিংশ জিজ্ঞাসা

রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মীলাদ শরীফের মাহফিল বা তাঁর শুভ জন্মের মুবারক আলোচনাকে হিন্দুদের জন্মাষ্টমীর মত বলে আপনারা কী আপনাদের কোন রচনায় উল্লেখ করেছেন?

الجواب- هذا ايضا من افتراء ات الدجالة المبتد عين علينا و على اكابرنا وقدبينا سابقا ان ذكره عليه السلام من احسن المندوبات و

SonarMadina.Com

Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

افضل المستحبات فكيف يظن بمسلم ان يقول معاذ الله ان ذكرا الولادة الشريفة مشابه بفعل الكفار وانما اختر عوا هذه الفرية عن عبارة مولانا الكنكوهى قدس الله سره العزيز التى نقلنا هافى البراهين على صفحة ١٤١' و حاشا الشيخ ان يتكلم ومراده بعيد بمراحل عما نسبو اليه كماسيظهر عن مانذكروه هى تنادى باعلى نداء ان من نسب اليه ما ذكروه كذاب مفترو حاصل ما ذكره الشيخ رحمه الله تعالى فى مبحث القيام عند ذكر الولادة الشريفة ان من اعتقد قدوم روحه الشريفة من عالم الارواح الى عام الشهادة و تيقن بفس الولادة المنيفة فى المجلس المولودية فعامل ما كان واجبا فى الساعة الولادة الماضية الحقيقية فهو مخطئى متشبه با لمجوس فى اعتقادهم تولد معبودهم المعروف (بكنهيا) كل سنة ومعاملتهم فى ذلك اليوم ما عومل به وقت ولادة الحقيقة او متشبه بروافض الهند فى معاملتهم بسيدنا الحسين و اتباعه من شهداء كربلا رضى الله عنهم اجمعين حيث ياتون بحكاية جميع ما فعل معهم فى كربلاء يوم عاشوراء قولا وفعلافيبنون النعش والكفن والقبوروبدفنون فيها ويظهرون اعلام الحرب والقتال ويصبغون الثياب بالدماء وينو حون عليها و امثال ذلك من الخر افات كما لا يخفى على من شاهد احو الهم فى هذه الديار ونص عبارته المتعربة هكذا واما توجيهه (اى القيام) بقدوم روحه الشريفة صلى الله عليه وسلم من عالم الارواح الى عالم الشهادة فيقومون تعظيماله فهذا ايضا من حماقاتهم لان هذا الوجه يقتضى القيام عند تحقق نفس الولادة الشريفة ومتى تتكرر الولادة فى هذه الايام فهذه الاعادة للولادة الشريفة مماثلة بفعل مجوس الهند حيث ياتون بعين حكاية ولا دة معبودهم (كنهيا) او مماثلة للرو افض الذين ينقلون شهادة اهل البيت رضى الله عنهم كل سنة (اىفعلا وعملا) فمعاذ الله ما فعلهم هذا حكاية للولادة المنيفة الحقيقة و هذه الحركة بلاشك وشبهة حرية باللوم

والحرمة والفسق بل فعلهم هذا يزيد على فعل اولئك فانهم يفعلونه فى كل عام مرة واحدة وهؤلاء يفعلون هذه المزخرفات الفرضية متى شاء واوليس لهذا نظير فى الشرع بان يفرض امريعامل معه معاملة الحقيقة بل هو محرم شرعا أه فانظروا يا اولى الالباب ان حضرة الشيخ قدس الله سره العزيز انما انكر على جهلاء الهند المعتقدين منهم هذه العقيدة الكاسدة الذين يقومون لمثل هذه الخيالات الفاسدة فليس فيه تشبيه لمجلس ذكر الولادة الشريفة بفعل المجوس والروافض حاشا اكابرنا ان يتفوهوا بمثل ذلك و لكن الظلمين على اهل الحق يفترون وبايات الله يجحدون-

উত্তর : বিদ্বেষী মহলের অপপ্রচারনা প্রসুত এও এক অপবাদ আমাদের ওপর আরোপিত করা হয়েছে। ইতোপূর্বে আমরা উল্লেখ করেছি যে, রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শুভ জন্মের মুবারক আলোচনা খুবই প্রিয় ও উঁচু মানের মুস্থাহাব একটি কার্য। এরপরও একজন মুসলানের পক্ষে এটা বলা কেমন করে সম্ভব যে মীলাদ শরীফের মাহফিল অনুষ্ঠান করা বিধর্মীদের অনুষ্ঠানের মত। আমাদের ধারণা, আমাদের ওপর এ অপবাদ মাওঃ গাংগুহীর ঐ উক্তির অতিরঞ্জন প্রসুত ফসল যা আমরা 'বারাহিনে কাতেআ' শীর্ষক গ্রন্থের ১৪১ পৃষ্ঠায় উল্লেখ করেছি। না কখনো মাওঃ গাংগুহী এমন উদ্ভট কথা বলেননি। তাঁর কথার মর্ম শতযোজন দূরে। যার বাস্তবতা আমাদের বর্ণনায় অচিরেই প্রকাশিত হবে এ অপপ্রচার কারীদের অপবাদ দুরীভূত হবে ইনশাআল্লাহ। যারা তার এ কথাকে এভাবে বিকৃত করে উল্লেখ করেছে তারা মিথ্যাবাদী ও অপবাদকারী নি:সন্দেহে।

মাওঃ গাংগুহী সাহেব, মীলাদ শরীফের মাহফিলে শুভজন্মের আলোচনার প্রাক্কালে কেয়াম অর্থাৎ দাঁড়িয়ে সালাত ও সালাম প্রসঙ্গে যা বলেছেন তার সার সংক্ষেপ হল :

যারা নিম্নলিখিত আকীদা পোষণ করে মীলাদ মাহফিলে শুভজন্মের মোবারক আলোচনাকালে দাঁড়ায় বা কিয়াম করে তাদের বেলায় প্রযোজ্য অন্যতায় নয় : আলোচনাকালে রূহে সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আত্মাজগত থেকে দুনিয়া আগমন করে এজন্য দাঁড়িয়ে সম্মান করা হয় বা কেয়াম করা হয়।অথবা মীলাদ মাহফিলের সময় এমন সব কাজ করা যা সত্যিকার জন্মের সময় করা হয়ে থাকে। এমন হলে তো অবশ্যই ভ্রান্তির বেড়াজালে আবদ্ধ ঐ ব্যক্তির কর্ম মজুসীদের সাথে সামঞ্জস্যবহ। মজুসী বা হিন্দুরা প্রতিবছরই তাদের খুনিরা বা

SonarMadina.Com

Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

শ্রীচৈতন্যের জন্মগ্রহণে বিশ্বাসী। এ কারণে তারা সত্যিকার জন্মের সময়ে যেসব কার্যাবলী নবজাতকের উদ্দেশ্যে করা হয়ে থাকে এ অনুষ্ঠানে এর সব কিছুই করে থাকে। হিন্দুস্থানের রাফেজীগণ অশুরার দিনে কারবালার শহীদগণ স্মরণে বাস্ত বাস্থব ঘটনা সাজিয়ে মূর্তি বানায়ে, কবর খুঁড়ে, দাফন করে, যুদ্ধ সাজিয়ে, কাপড় ছিঁড়ে, রক্ত ঝরিয়ে বিলাপ করে কার্যাবলী সম্পাদন করে এমন কাজ করে থাকে। সকল স্থরের মানুষই জানে এ উদ্ভট কার্যাবলীর কথা। তাই মাওঃ গাংগুহী সাহেব নিষিদ্ধ অবৈধ নাজায়েজ ঐসব কাজকে ও জন্মাষ্টমির সাথে তুলনা করেছেন। (এমন আকীদা না রেখে হুযূর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আলোচনা বা শুভ সংবাদের সম্মানে দাঁড়ানো বা কিয়াম করাকে তিনি নাজায়েজ বলেননি।)

মাওঃ গাংগুহী সাহেব তার উর্দু ভাষায় যা বলেছেন, তার (আরবী অনুবাদের) অর্থ হল : এ আলোচনার সময় আত্মাজগত থেকে নবীপাক লোক জগতে তশরীফ আনেন তাই উপস্থিত সকলে তাকে দাঁড়িয়ে সম্মান করেন তা নির্বুদ্ধিতার পরিচায়ক। কেননা তাতো সত্যিকারের জন্মসময়ে করা উচিত। কারণ জন্মতো একবারই হয়। পূনর্জন্মবাদ তো হিন্দুরাই বিশ্বাস করে। এমন করা তো তাদের কাজের সাথে সামঞ্জস্যের সামিল। তারা তাদের শ্রীচৈতন্যের জন্মকে প্রতি বছরই সত্যিকার মেনে নিয়ে তা উদযাপন করে। এদেশের রাফিজিয়া আশুরার ঘটনা নিয়েও এমন সব কাজ করে থাকে। আল্লাহ মাফ করুন বেদআতীদের এসব কাজ নিশ্চয়ই হিন্দু বা রাফেজীদের কাজের নামান্তর। তা সত্যিই হারাম অবৈধ নিন্দনীয় ও ফিসক বা নিলর্জ্জ পাপাচার বরং বেদআতীদের আচরণ রাফেজী বা হিন্দুদের চেয়ে অনেক বেশি নিন্দনীয় কেননা তারা প্রতি বছর একবারই এ অনুষ্ঠান করে। ফরয ভেঙ্গে এ অপচয়জনিত ক্রিয়াকর্ম করতে থাকে। শরীয়তে যার কোন অবস্থান নেই, যে কোন কাজকে শরীয়তের অবশ্য করণীয় ভেবে করা হবে। শরীয়তে এমন কাজ হারাম।

ওহে জ্ঞানীগণ! আপনারা গভীর ভাবে লক্ষ্য করুন! মাওঃ গাংগুহী সাহেব হিন্দুস্থানের জাহেলদের এসব কার্যাবলীকে অস্বীকার করেছেন যে, যারা উদ্ভট বিশ্বাসে মীলাদে কিয়াম করে। তাদেরই কার্যাবলী বা বিশ্বাস ঠিক নয়। এখানে কোনক্রমেই মীলাদ শরীফের অনুষ্ঠান বা কেয়াম করাকে রাফেজী বা হিন্দুদের কার্যাবলীর সাথে তুলনা করা হয়নি। না কখনো আমাদের বুযুর্গ এমন কথা বলেননি বরং তার প্রতি বিদ্বেষীগ এ অপবাদই রটাচ্ছে। যা সত্যিই নিন্দনীয়।

দেশে দেশে মিলাদ

মিসর ও সিরিয়া বাসীর মিলাদ

فاكثر هم بذالك عناية اهل مصر و الشام ولسلطان مصر فى تلك الليلة من العام اعزم مقام . قال ولقد حضرت فى سنه خمس وثمانين وسبعمائه لبلة المولد عند الملك الظاهر برقوق رحمة الله.... بقلعة الجبل العلية فرايت ماهالى وسرنى زما ساء نى وحررت ما انفق فى تلك الليلة على القراء و الحاضرين من الوعاظ والمنشدين و غيرهم من الاتباع والغلمان والخدام المترددين بنحو عشرة الاف مسقال من الذهب ما بين خلع و مطعوم ومشروب ومشموم وشموع وغيرها ما يستقيم به الضلوع. وعددت فى ذالك خمسا وعشرين من القراء الصيتين المرجوكونهم مثبتين ولا نزل واحد منهم الا بنحو عشرين خلعة من السلطان ومن الامراء الا عيان قال السخاوى قلت ولم يزل ملوك مصر خدام الحرمين الشريفين ممن وفقهم الله لهدم كثير من المناكير والشين ونظر وأ فى امر الرعية كالوالد لولده وشهروا انفسهم بالعدل فاسعفهم الله بجنده ومدده (المورد الروى فى مولد النبى ١٣)

মীলাদ মাহফীলে সবচেয়ে অগ্রগামী ছিলেন মিসর ও সিরিয়াবাসি। মিসরের সুলতান প্রতি বছর পবিত্র বেলাদতের রাত্রে মিলাদ মাহফীলের আয়োজনের অগ্রনী ভূমিকা রাখতেন। ইমাম সামছুদ্দীন সাখাবী বর্ণনা করেন- আমি ৭৮৫ হিজরীতে মীলাদের রাতে সুলতান ববকুকের উদ্যেগে আলজবলুল আলীয়া নামক কিল্লায় আয়োজিত মীলাদ মাহফীলে হাজীর হয়ে ছিলাম। ওখানে আমি যা কিছু দেখেছিলাম, তা আমাকে হতবাক করেছে অসীম তৃপ্তি দান করেছে। কোন কিছুই আমার কাছে খারাফ লাগেনী। সেই পবিত্র রাতের বাদশাহের ভাষন, উপস্থিত বক্তাগনের বক্তব্য, কারীগনের তেলাওয়াতে কোরআন এবং নাত পাঠকারীগনের না'ত আমি সাথে সাথে লিপিবদ্ধ করে নিয়েছি। এছাড়া উপস্থিত জনতা, শিশু ও নিয়োজিত সেবকদের মধ্যে প্রায় দশ হাজার মিছকাল (একশত ভরী) স্বর্ণ কাপড় ছোপড়, নানা প্রকারের পানাহার, সুগন্ধি বাতি এবং অনান্য জিনিস পত্র প্রদান

SonarMadina.Com

Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

করেন যেটা দ্বারা ওরা সাংসারিক জীবনে অনেকটা সচ্ছলতা অর্জন করতেন ঐ সময় আমি এমন পচিশঁ জন "কারী" বাছাই করেছি যাদের সুমিষ্ট কণ্ঠের জন্য অন্য সবের উপর তাদের স্থান দিয়েছি। তাদের মধ্যে এমন কেউ ছিল না যিনি বাদশাহ ও বাদশাহের বিশিষ্ট লোকদের কাছ থেকে প্রায় বিশটি বিশেষ পোষাক উপহার না নিয়ে মঞ্চ থেকে অবতরন করেছেন। ইমাম ছাখাবি বলেন, আমার চাক্ষুস বর্ণনা হচ্ছে, মিসরের বাদশাহগন যারা হরমাইন শরীফের খাদিম ছিলেন, তারা এসব লোকদের অর্ন্তগত ছিলেন। যাদেরকে আল্লাহ তাআলা অধিকাংশ দোসক্রটি প্রতিরোধে তৌফিক দান করে ছিলেন। তারা প্রজাদের সাথে এমন আচরন করতেন যেমন পিতা নিজ সন্তানের সাথে করে থাকে। তারা ন্যায় বিচার প্রতিষ্ঠা দ্বারা সুনাম অর্জন করে ছিলেন। আল্লাহ তাআলা তাদেরকে এ কাজে গায়বী সাহায্য করেন। (আল মাওলিদুর রাভী ১৯)

স্পেন ও পাশ্চাত্য দেশে মীলাদুন্নবী পালন

كيف كان ملوك الاندلس يحتفون بلمولد ؟ واما ملوك الاندلس والغرب فلهم فيه ليلة تثير بها الركبان يجتمع فيهاائمة العلماء الاعلام فمن يليهم من كل مكان و علوابين اهل الكفر كلمة الايمان. واظن اهل الروم لا يتخلفون عن ذالك اقتفاء بغيرهم من الملوك فيما هنالك الاحتفال في بلاد الهند وبلاد الهند تزيد على غيرها بكثير كما اعلمنيه بعض اولى النقد زالتحرير.(المورد الروى فى مولد النبى ١٣)

স্পেন ও পাশ্চাত্য দেশের শহরগুলোতে মীলাদুন্নবীর রাতে রাজা-বাদশাহগণ জুলুস বের করতেন, সেথায় বড় বড় ইমাম ও ওলামায়ে কেরামগণ অংশ গ্রহন করতেন। মাঝপথে বিভিন্ন এলাকা থেকে লোক এসে তাঁদের সাথে যোগ দিতেন এবং কাফিরদের সামনে সত্যে ও বানী তুলে ধরতেন। আমার যতটুকু ধারণ, রোমবাসীরাও কোন অংশে ওদের থেকে পিছপা ছিলনা। তারাও অনান্যা বাদশাহগনের মত মীলাদ মাহফীলের আয়োজন করতেন। হিন্দুস্থান শহরগুলোতে মীলাদুন্নবীর প্রসংগে উচ্ছস্থরের ওলামায়ে কেরাম ও বিশিষ্ট লিখকগন আমাকে বলেছেন যে হিন্দুস্থানের লোকেরা অন্যান্য দেশের তুলনায় অধীক ব্যাপক হারে এ পবিত্র ও বরকতময় দিনে নানা অনুষ্ঠানের আয়োজন করতেন।

মক্কা বাসীর মীলাদ মাহফীল

قال السخاوى واما اهل مكة معدن الخير والبركة فيتوجهون الى المكان المتواتر بين الناس انه محل مولده وهو فى سوق الليل رجاء بالوغ كل منهم بذالك المقصد ويزيد اهتمامهم به على يوم العيد حتى قل ان يتخلف عنه احد من صالح وطالح ومقل وسعيد سيما الشريف صاحب الحجاز بدون توار وحجاز قلت الان سيماء الشريف لاتيان ذالك المكان ولا فى ذالك الزمان قال وجود قاضيها وعالمها البرهانى الشافعى اطعام غالب الواردين وكثيرمن القاطنين المشاهدين ف اخر الاطعمنه والحلوى. ويمد للجمهور فى منزله صبحتها سماطا جامعا رجاء لكشف البلوى. وتبعه ولده الجمالى فى ذالك للقاطن والسالك قلت اماالان فما بقى من تلك الاطعمة الا الدخان ولا يظهرمما ذكر الابريح الريحان فالحال كما قال.(المورد الروى فى مولد النبى ١٥) اما اخيام فانها كخيامهم سوارى نساء الحى غير نسائهم.

ইমাম সাখাবি (রহঃ) বলেন মক্কাবাসি কল্যান ও বরকতের খনি। তারাঁ সেই প্রসিদ্ধ পবিত্র স্থানের পতি বিশেষ মনোনিবেশ করেন, যেটা নবী করিম (সাঃ) এর জন্ম স্থান। এটা 'সাউকুল লাইলে' অবস্থিত। যাতে এর বরকতে প্রত্যেকের উদ্দ্যশ্য সাধিত হয়। এসব লোক মীলাদুন্নবীর দিন আরও অনেক কিছুর আয়েজন করে থাকেন। এ আয়েজনে আবেদ, নেককার,পরহিজগার, দানবীর কেউ বাদ যায় না। বিশেষ করে হেজাজের আমির বিনা সংকোচে সানন্দে অংশ গ্রহন করেন এবং তাঁর আগমন উপলক্ষে ঐ জায়গায় এক বিশেষ নিশান তৈরী করা হতো। প্রথম যোগে এটা ছিল না। পরবর্তীতে এটা মক্কার বিছারক ও বিশিষ্ট আলেম আল- বুরহানিশ শাফেয়ী মীলাদুন্নবী উপলক্ষ্যে আগত যিয়ারতকারী খাদেম ও সমবেত লোকদেরকে খানা ও মিষ্টি খাওয়ানোকে পছন্দনীয় কাজ বলে রায় দিয়েছেন। হেজাজের আমির (মীলাদুন্নবীর উপলক্ষে স্বীয় আবাসগৃহে সাধারণ লোকদের জন্য ব্যাপক পানাহারের ব্যবস্থা করতেন যেন এর বদৌলতে বিপদ আপদ বালা মুসিবত দুরিবুত হয়ে যায়। তাঁর ছেলেও খাদেম ও মুসাফিরদের

SonarMadina.Com

Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

বেলায় স্বীয় পিতার অনুসারী ছিলেন। এ সব খানাপিনার মধ্যে কোন কিছু বাদ যেতনা কেবল ধুমপান ছাড়া। আর এ সব খানাপিনার মধ্যে নানা ফুলের সুগন্ধ ভরপুর থাকতো। অবস্থাটা ছিল জনৈক কবির কবিতার মত-

. اما اخيام فانها كخيامهم -وارى نساء الحى غير نسائهم.

অর্থাঃ তাবু তো ওসব তাবুর মতোই কিন্তু আমি দেখতেছি সে গোত্রের মহিলাগন এ সব মহিলা থেকে অনেক ভিন্ন।

মদীনা বাসীর মীলাদ মাহফীল

ولا هل المدينه....كثرهم الله تعالى به احتفال وعلى فعلة اقبال وكان للملك المظفر صاحب اربك بذالك فى ها اتم العنايه و اهتماما بشانه جاوز الغايه فاثنى عليه به العلامه ابو شامه احد شيوخ النووى السابق فى الا ستقامه في كتابه الباعث على البدع والحوادث وقال مثل هذا الحسن يندب اليه ويشكر فاعله ويثنى عليه زاد ابن الجزرى ولولم يكن فى ذالك الا ارغام الشيطان وسرور اهل الايمان قال يعنى الجزرى واذاكان اهل الطلب اتخذوا ليلة مولد نبيهم عيدا اكبرفاهل الاسلام اولى بالتكريم واجدر.(المورد الروى فى مولد النبى- ١٥)

মদীনা বাসিগনও মীলাদ মাহফীলের আয়েজন করতেন এবং অনুরুপ অনুষ্ঠানাদি পালন করতেন। বাদশাহ মোজাফ্ফর শাহ আরিফ অধিক আগ্রহি এবং সীমাহীন আয়োজনকারী ছিলেন। আবু শামা যিনি ইমাম নববীর অন্যতম উস্তাদ এবং বিশেষ বুজর্গ ছিলেন, স্বীয় কিতাব আল বায়াছ আলাল কদয়ে ওয়াল হাওয়াদিছে' বাদশাহের প্রশংসা করেছেন এবং বলেছেন এরকম ভাল কাজ সমূহ তার খুবই পছন্দ এবং তিনি এধরনের অনুষ্ঠান পালন কারীদের উৎসাহদান ও প্রশংসা করতেন। ইমাম যাযরী এর সাথে আরও সংযোযন করে বলেন, এসব অনুষ্ঠানাদি পালন করার দ্বারা শয়তানকে নাজেহাল এবং ঈমানদারদের উৎসাহ উদ্দিপনা দানই উদ্দেশ্য হওয়া চাই। তিনি আর বলেন, যেহেতু ঈসায়ীরা তাদের নবীর জন্মের রাতকে খুব শান শওকতের সাথে পালন করে থাকে, সেহেতু মুসলমানগন হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ইজ্জত সম্মান করার অধিক হকদার এবং তাঁর জন্ম দিনে যতদূর সম্ভব আনন্দ আহলাদ প্রকাশ করা উচিত। (আল মাওলিদুর রাবী পৃষ্ঠা ১২)

কিয়ামের দলীল

প্রচলিত কিয়ামের রূপকার

বর্তমান প্রচলিত মীলাদ শরীফে দাঁড়িয়ে দাঁড়িয়ে দরূদ শরীফ আর সালামের প্রচলন করেছিলেন বিশ্ব বিখ্যাত মুহাদ্দিস, ফকীহ, মুজতাহিদ, ইমাম ও এককালের প্রধান বিচারপতি শাইখুল ইসলাম আল্লামা ত্বকী উদ্দীন আবুল হাসান আলী আল্ সুবকী আশ শাফেয়ী। তিনি ৬৮৩ হিজরী সালে মিশরের মুনুফিয়া এলাকায় জন্মগ্রহণ করেন এবং অসংখ্যা কিতাব লিখনীর মাধ্যমে দ্বীন ইসলামের অসাধারণ খেদমত করে ৭৫৬ হিজরী দুনিয়া হতে পর্দা করেন। আল্লামা সুবকী (রহ:) যে মুজতাহিদ ছিলেন এ কথার উপর কারও দ্বিমত নেই। এ কথাও সত্য যে, ইমাম সুবকীর দরবারটি ছিল তৎকালীন যুগের বড় বড় আলেম-উলামাদের সর্বশ্রেষ্ঠ বিদ্যাপীঠ। একদিন তাঁর দরবারে অসংখ্য বিচারক, উলামা এবং সমাজের উচ্চ শ্রেণীর লোকেদের সমাবেশ ঘটেছিল। ইত্যবসরে একজন আশেক নাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সালাম পাঠ করছিলেন। আর না'তটির লেখক হচ্ছেন সেযুগর হাস্সান নিব সাবিত হযরতুল আল্লামা ইয়াহয়াহ ইবনে ইউসুফ আল আনসারী আল ছরছারী আল হাম্বলী (রহ:)। আর না'তটির লেখক হচ্ছেন সে যুগের হাস্সান বিন সাবিত হযরতুল আল্লামা ইয়াহইয়াহ ইবনে ইউসুফ আল আনসারী আল ছরছারী আল হাম্বলী (রহ:)। (তিনি ৬০৬ হিজরী শাহাদাত বরণ করেন, তিনি অন্ধ কবি ছিলেন)। যখন না'ত পরিবেশনকারী ঐ কবিতার শেষাংশে পৌঁছেন তখন আল্লামা সুবকী আবেগ প্রবণতায় ব্যাকুল হয়ে কবিতার ভাবার্থের সাথে তাল মিলিয়ে দাঁড়িয়ে যান। সাথে সাথে মজলিসে উপস্থিত সকলে দাঁড়িয়ে যান। আল্লামা ছরছরী (রহ:)-এর আলোড়িত পংক্তিগুলো হচ্ছে-

قليل لمدح المصطفى الخط بالذهب
على فضة من خط احسن من كتب
واان تنهض الاشرف عند سمعاه
قياما صفوفا او جثيا على اللاكب
اما الله تعظيما له كتب اسمه
على عرشه ما رتبه سمت الرتب

SonarMadina.Com

Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

অর্থাৎ ১. একজন সুন্দর হস্তশিল্পী রৌপ্যের পাতায় স্বর্ণের পানি দ্বারা যদি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর প্রশংসা বা গুণগান অতি সুন্দরভাবে লিপিবদ্ধ করেন, তবে তাও তাঁর মর্যাদার তুলনায় অতীব তুচ্ছ বা অপ্রতুল হবে।

২. আর তাঁর প্রশংসার কথা শুনে উচ্চ মর্যাদা সম্পন্ন বুযুর্গ ব্যক্তি সারিবদ্ধভাবে বা হাটুর উপর ভর দিয়ে দাঁড়িয়ে যায়; তবুও তাঁর মহান মর্যাদার তুলনায় তা অতি নগণ্যই।

৩. নিশ্চয়ই আল্লাহ তা'য়ালা স্বীয় হাবীবের সম্মানার্থে তাঁর মর্যাদাকে বুলন্দ করার নিমিত্তে তাঁর নাম মোবারক আরশে মুয়াল্লায় লিপিবদ্ধ করে লেখেছেন। হে হাবীব! আপনি কতইনা সু-উচ্চ-মর্যাদার অধিকারী।

কবিতার পংক্তিগুলো পাঠকালে উক্ত মজলিসে সকলের হৃদয়ে আবেগ আপ্লুত হলো।

আল্লামা জলীল হালভী (রহ:) বলেন-

ويكفى ذلك فى الاقتداء والعمل بعملـه فـا انـه كـان مـن كبـار الائمـة واساطين الامة ففعل مثله حجة اى حجة يتضح بها للعامل الحجة-

মীলাদ শরীফ পাঠে কিয়াম বা দাঁড়ানোর বৈধতার এবং তদনুযায়ী আমল করার জন্য ইমাম তক্বী উদ্দীন সুবকীর অনুকরণই যথেষ্ট। কারণ তিনি যুগের সর্বশ্রেষ্ঠ আলেমে দ্বীন এবং উম্মতে মুহাম্মদীর স্তম্ভ ছিলেন। তাঁর উদ্ভাবিত এহেন মুহাব্বতপূর্ণ কাজ উম্মতের জন্য হুজ্জাত বা দলিল স্বরূপ। আর আল্লমকারী বা মান্য কারীর জন্য এর চেয়ে সুস্পষ্ট আর কি দলীল হতে পারে?

সুতরাং মীলাদ শরীফে কিয়াম এর প্রচলন বিশ্ববিখ্যাত একজন মুজতাহিদ, আলেমে দ্বীন আল্লামা তক্বীউদ্দীন সুবকী (রহ:)-এর উদ্ভাবিত মাসআলাসমূহের মধ্যে একটি। এরপর হতে অদ্যাবধি সকলের নিকট মুস্তাহাব বা মুস্তাহসান আমল হিসেবে স্বীকৃতি পেয়েছে। আর এই কিয়াম হচ্ছে নবী করীম সাল্লাল্লাহু আলাইহিস ওয়া সাল্লামার বিলাদাত স্মরণ পূর্বক সম্মানের জন্য দাঁড়ানো। যে কিয়ামে পাঠ করা দরূদ আর সালাম। মূলত দরূদ ও সালাম পাঠ হচ্ছে স্বয়ং আল্লাহ তায়ালার হুকুমের তামিল মাত্র।

ইমাম তকি উদ্দিন সুবুকী (রহ) এর এ আমল প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মহব্বতের কারনে হয়েছিল। নিন্মের হদীস শরীফটি প্রণিধানযোগ্য -

عَـنْ عَائِـشَةَ اُمِّ الْمُـؤْمِنِيْنَ رَضِـى اللهُ عَنْهَـا قَالَـتْ مَـا رَاَيْـتَ اَحَـدًا مِـنَ النَّـاس كَـانَ اَشْبَهَ بِـالنَّبِىِّ صَلَّى الله عَلَيْـهِ وَسَلَّمَ كَلَامًـا وَلَا حَدِيْثًا وَلَا جِلْسَةً مِنْ فاطِمَـةَ

قالت وكان النبى صلى الله عَلَيْـهِ وَسَلَّمَ إِذَا اَرَاَهَـا قَـدْ اَقبَلَـتْ رَحَّـبَ بِهَـا ثم قَام اليها فقبلها ثم اخذ بيدها فجاء بها حتى يجلسها فى مكامه وكانت اذا اتاها النبى صلى الله عليه وسلم رحبت به ثم قامت اليه فقبلته وانها دخلت على النبى صلى الله عليه وسلم فى مرضه الذى قبض فيه فرحب وقبلها واسر اليها قبكت ثم اسر اليها قضحكت قفات للنساء ان كنت لارى ان لهذه المراة فضلا على النساء فاذا هى من النساء بينها هى تبكى اذا هى تضحك فسالتها ما قال لك؟ قالت انى اذا لتذرة فلما قبض النبى صلى الله عليه وسلم فقالت اسر الى فقال انى ميت فبكيت ثم اسر الى فقال انك اول اهلى بى لحوقا فسررت بذلك واعجبنى

৯৫৮. উম্মুল মু'মিনীন হযরত আয়েশা (রা) বর্ণনা করেন, কথাবার্তায় উঠাবসায় ফাতিমার চাইতে নবী করীম (সা)-এর সাথে অধিকতর সামঞ্জস্যশীল আর কেউ ছিলেন না। তিনি আরও বলেন, নবী করীম (সা) যখন তাঁকে দেখতেন, তাঁকে খোশ-আমদেদ জানাতেন , তাঁর জন্য উঠে দাঁড়াতেন এবং তাঁকে চুম্বন দিতেন। অপরদিকে নবী করীম (সা) তাঁর নিকট গমন করলে তিনিও তাঁকে অভ্যর্থনা জানাতেন এবং উঠে চুম্বন করতেন। নবী করীম (সা)-এর অন্তিম রোগের সময় তিনি তাঁর সদনে উপস্থিত হলেন। তিনি খোশ-আমদেদ জানালেন এবং তাঁকে চুম্বন করলেন এবং তাঁকে কী যেন কানে কানে বললেন ঃ এবার তিনি (ফাতিমা) হেসে । উঠলেন। আমি তখন উপস্থিত মহিলাগণকে লক্ষ্য করে বললাম, আমি মনে করতাম নারী জাতির মধ্যে এ মহিলাই অন্যান, কিন্তু এখন দেখতেছি ইনি একজন সাধারণ মহিলাই, কখনো তিনি কেঁদে ফেলেন, আবার কখনো হেসে উঠেন! (যার কোন অর্থই হয় না) তখন আমি তাঁকে জিজ্ঞাসা করলাম, তিনি কী বললেন? তিনি বলিলেনঃ আপাতত এ রহস্য আমি ফাঁস করতে পারব না।

আলোচ্য হাদীস শরীফ দ্বারা দুটি বিষয় সর্ম্পকে সুস্পষ্ট হয়ে উঠেছে যে হুযূর পাক (স) এর আগমনের সম্মানে ও তার প্রতি অত্যাধিক মহব্বত ও ভালবাসার করনে দাড়ানো হয়েছে। এখানে আগমনের চাইতে মহব্বতও ভালবাসা প্রধান্য রয়েছে।

বস্তুত মীলাদ শরীফে যখন তাঁর (সাল্লাল্লাহু আলাইহিস ওয়া সাল্লামা) পৃথিবী আগমনের সুসংবাদ বনর্ণা উপস্থাপনা করা হয় তখন ঈমানদারগণের হৃদয়ে একধরনে জজবা জউক ও সওক সৃষ্টি হয় বিনয়নবত খুজু খুশুর মাধ্যমে দাড়িয়ে সালাত ও সালাম পেশ করা হয়। সালাত ও সালামের সময় যে ধ্যান ধ্যারণা সৃষ্টি হয় তা পাঠক গণের ভিন্ন ভিন্ন ধ্যান ধারণা থাকে। যেমন সালাত ও সালামের সময় তারা সরাসরি রওদ্বা শরীফে নিজেকে উপস্থাপন করে সালাত ও সালাম ভেজে এবং বিশুদ্ধ আকিদা রাখে দুরুদ ও সালাম ফেরেস্তাগণ রওযা মোবারকে পৌছিয়ে দেন। কিছু দুরুদ ও সালাম পাঠক আছেন যে দীনের উলামায়ে কেরাম দাড়িয়ে পড়ছেন আমরাও পড়ছি আমাদের দুরুদ ও সালাম ফেরেস্তাগণ পৌছিয়ে দেন।

SonarMadina.Com
Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

অসংখ্য বর্নণা সূত্রে প্রমাণিত যে আল্লাহর এমন কিছু প্রিয় বান্দা যারা শরীয়ত সিকৃত নেক আমল গৃহে বা মজলিসে বসে করে এবং তাতে রাসুলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর রুহানী বা মিছালী সুরতে দেখার সৌভাগ্যে ধন্য হয়ে সময় উপযুক্ততায় বসে দাড়ীয়ে সালাত ও সালাম, ফরিয়াদ,ও হাদীস শরীফ সম্পর্কে জিজ্ঞাসা করেছেন।

মহান আল্লাহ পাকের ঐ সকল মুমিনের কারামত যে (যারা মীলাদ শরীফের কিয়ামে) তারা রাসুল (সাঃ) এর রুহানী ও মিছালী-সুরতে অবলোকন করে সালাত ও সালাম পেশ করা বিশ্বাস যোগ্য ও আহলু সুন্নাত ও ওয়াল জামাতের আকিদা। কিন্তু এ আকিদা সাধারন পর্যায়ে এনে তা উপস্থাপনা অবতারণা করা অজ্ঞ লোকের মনের মধ্যে বিরাট খটকা সন্দেহ সংসয় সৃষ্টির নামান্তর।

কিয়াম সর্ম্পকে জানতে হলে পড়ুন মাফহাতুল আত্তারিয়া কৃত- মাওঃ আব্দুল আউয়াল জৈনপুরী (রহঃ) শীঘ্রই অনুবাদ হয়ে প্রকাশ হচ্ছে

পবিত্র মিলাদ শরীফ সম্পর্কে যারা গ্রন্থ প্রনয়ন করেছেন এবং ফতওয়া দিয়েছেন তাদের কিতাবের আংশিক নাম নিন্মে প্রদত্ব হলো।

হাফিজে হাদীস ইমাম আবুল ফয়েজ আব্দুর রহমান ইবনুল জাওযী হাম্বলী রহঃ (৫১০-৫৯৭ হিঃ) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। মাওলিদির রাসুল।

হাফিজ আবুল খাত্তাব বিন দেহইয়া রহঃ (৬৩৩-হিঃ) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। আততানবীর ফি মাওলিদিল বাসির ওয়ান নাযির।

ইমাম আবু শামা রহঃ ৬২৫ মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। আল বায়িছ আলা ইনকারিল বিদয়ে ওয়াল হাওয়াদীস।

ইমাম ইমাদুদ্দীন ইবনে কছীর রহঃ (৭৭৪-হিঃ) শাফেয়ী মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। মাওলিদিও রাসুল

হাফিজে হাদীস শামসুদ্দীন বিন জাযরী (রহঃ) ৭৩৪ মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। আরফুত তারিফ বিল মাওলিদিশ মারিফ।

ইমাম ইবনে হজর আসকলানী (রহঃ) শাফেয়ী (৮৫২- হিঃ) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। মাওলিদিল কাবির।

ইমাম নববী (রহঃ) শাফেয়ী মিলাদ বিষয়ে ফতওয়া। সাখাবী (রহঃ) র" বর্ণনায়।

ইমাম জালাল উদ্দীন সুয়ূতী (রহঃ) শাফেয়ী (৯১১- হিঃ) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। হুসনুল মাকসিদ ফি আমালিল মাওলিদ।

ইমাম ইবনে হাজার কস্তুলানী (রহঃ) (-হিঃ) শাফেয়ী মিলাদ বিষয়ে ফতওয়া। মাওয়াহেবে লাদুনিয়া।

ইমাম মুল্লা আলী ক্বারী (রহঃ) (১০১৪-হিঃ) হানাফী মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। আল মাওলিদির রাওয়ী ফি মাওলিদিন নাবী।

হাফিজে হাদীস ইমাম জাইনুদ্দীন ইরাকী (রহঃ) ৮০৬-হিঃ) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। মাওলিদিল হানি ফিল মাওলিদিছ ছানি।

ইমাম জাফর বিন হোসাইন বরজিঞ্জী (রহঃ) (১১৭৭-হিঃ) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। ইকদুল জাওহার

হাফিজে হাদীস ইমাম ছাখাবী (রহঃ) (৯০২- হিঃ) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। যুযউ ফি মাওলিদিলশ শরীফ।

ইমাম নাসিরুদ্দীন দিমেশকী (রহঃ) শাফেয়ী (৮৪২-হিঃ) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। মাওরিদুস সাদি ফি মাওলিদিল হাদি।

হাফিজ ইবেন হজর হায়তমী (রহঃ) (৯৮৪-হিঃ) শাফেয়ী মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। আন নিয়মাতুল কুবরা ও তাহবিরুল কালাম ফিল কিয়ামি ইনদা জিকরি সাইয়িদে উলদে আদম।

আল্লামা আলী ইবনে বুরহান উদ্দীন হালবী (রহঃ) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। সিরাতে হালবী।

আল্লামা আব্দুর রহমান সুফুরী (রহঃ) মিলাদ বিষয়ে ফতওয়া। নুজহাতুল মাযালিস

আল্লামা সদর উদ্দীন মাওহাব ইবনে উমর হাযরী শাফেয়ী (রহঃ) মিলাদ বিষয়ে ফতওয়া।

শাহ আব্দুল হক মুহাদ্দেসে দেহলবী হানাফী (রহঃ) (১০৫২-হিঃ) মিলাদ বিষয়ে ফতওয়া। মা সাবাতা বিস সুনানাহ।

শাহ আব্দুর রহীম মুহাদ্দেসে দেহলবী হানাফী (রহঃ) (১১৩১-হিঃ) মিলাদ বিষয় আমল। ফুয়ুজুল হরামাইন।

শাহ ওয়ালী উল্লাহ মুহাদ্দেসে দেহলবী হানাফী (রহঃ) (১১৭৬-হিঃ) মিলাদ বিষয়ে ফতওয়া। ফুয়ুজুল হরামাইন

শাহ আব্দুল আজীজ মুহাদ্দেসে দেহলবী হানাফী (রহঃ) (১২৩৯-হিঃ) মিলাদ বিষয়ে ফতওয়া। উজালায়ে নাফেয়া।

শাহ ইসহাক মুহাদ্দেসে দেহলব হানাফী (রহঃ) (১২৬২হিঃ) মিলাদ বিষয়ে ফতওয়া। মিয়াতে মাসায়েল।

মুফতী মুহাম্মদ সাআদুল্লা হানাফী (রহঃ) মিলাদ বিষয়ে ফতওয়া। দুররুল মুনাজ্জাম (হতে)।

আল্লামা উছমান বিন হাসান দিমিয়াতী (রহঃ) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। ইসবাতে কিয়াম।

আল্লামা মাদলাকী (রহঃ) মিলাদ বিষয়ে ফতওয়া।

আল্লামা সাইয়্যিদ আহমদ যাইনী মক্কী (রহঃ) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। সিরাতুন নাবাবিয়া ওয়া আছারুল মুহাম্মদিয়া।

আল্লামা সিরাজ মালেকী (রহঃ) মিলাদ বিষয়ে ফতওয়া।

আল্লামা ইমাম আবু যায়েদ (রহঃ) মিলাদ বিষয়ে ফতওয়া।

আল্লামা সাইয়্যিদ মাযী আবুল আযায়েম আল মিসরী (রহঃ) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। আল ইহতেফাল বি মাওলিদি আম্বিয়া ওয়াল আউলিয়া।

আল্লামা আব্দুর রহমান সিরাজ হানাফী মক্কী (রহঃ) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। মুসতাযুল মুবতাদা।

আল্লামা শাহ কারামত আলী জৈনপুরী (রহঃ) (১২৯০-হিঃ) হানাফী হানাফী মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। মুলাখ্খাস ও কারামাতে হারমাইন।

SonarMadina.Com

Click here & Subscribe us

Bangladesh Anjumane Ashekaane Mostofa \(Sallallahu Alayhi Wa Sallam\)

আল্লামা শাহ আব্দুল আউয়াল জৈনপুরী হানাফী (রহঃ) (১৩৩৯-হিঃ) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। নুফহাতুল আম্বারিয়া লি ইসবাতিল কিয়াম ফী মাওলিদি খাইরিল বারিয়্যা। (মিলাদ বিষয়ক সর্বোত্তম গ্রন্থ)

শাহ ওয়াজী উদ্দীন রামপুরী (রহঃ) হানাফী মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। মছলকে আরবাবে হক।

হাজী ইমদাদুল্লাহ মুহাজেরী মক্কী হানাফী (রহঃ) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। ফয়সালায়ে হাফত মাসায়েল।

আল্লামা আব্দুল হাই লাখনবী হানাফী (রহঃ) (১৩০৪-হিঃ) মিলাদ বিষয়ে ফতওয়া। মজমুয়ায়ে ফতওয়া।

আল্লামা আবেদ হুসাইন হানাফী (রহঃ) দেওবন্দের প্রতিষ্টাতা মিলাদ বিষয়ে আমল। আদদুররুল মুনাজ্জাম।

ইয়াকুব নানতুবী হানাফী (রহঃ) মিলাদ বিষয়ে আমল। আদদুররুল মুনাজ্জাম।

আব্দুল হক এলাহাবাদী হানাফী (রহঃ) মিলাদ গ্রন্থ প্রণেতা। আদ-দুররুল মুনাজ্জাম।

ইমাম ইউসুফ বিন ইসমাইল নাবেহানী (রহঃ) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। তানজিমুল বাদিয় ফি মাওলিদিন নাবাবী।

আল্লামা সালামত উল্লাহ কাননপুরী হানাফী (রহঃ) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। আসবাউল কালাম ফি ইসবাতিল মাওলিদে ওয়াল কিয়াম।

আল্লামা রুহুল আমীন বশির হাটি হানাফী (রহঃ) (১৯৪৫-ইং) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। কিশোরগঞ্জের বহস।

মুফতী আমীমুল ইহসান মুজাদ্দেদে বরকতী হানাফী(রহঃ) (১৩৯৪-সন) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা। সিরাজুম মুনির।

শাহ আবু বকর ফুরফুরা হানাফী (রহঃ) (১৫৬৫-বাংলা) মিলাদ বিষয়ে ফতওয়া। হাকিকতে দিন।

সাইয়্যিদ মুহম্মদ বিন আলাবী আল মক্কী (রহঃ) (২০০৫-হিঃ) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা।

শাহ নেছার উদ্দীন হানাফী (রহঃ) (১৯৫২-ইং) মিলাদ বিষয়ে ফতওয়া।

আহমদ রেজাখান বেরলবী হানাফী (রহঃ) (১৩৪০-হিঃ) মিলাদ বিষয়ে গ্রন্থ প্রণেতা।

ফয়জুল হাসান ছাহারানপুরী হানাফী (রহঃ) মিলাদ বিষয়ে ফতওয়া। শেফাউস সুদুর।

মাওঃ হুসাইন আহমদ মাদানী হানাফী (রহঃ) মিলাদ বিষয়ে ফতওয়া। মাকতুবাতে শাইখুল ইসলাম।

মাও; আশরাফ আলী থানবী হানাফী (রহঃ) (১৩৬২-হিঃ) মিলাদ বিষয়ে ফতওয়া। ইমদাদুল ফতওয়া, ইসলাহুর রুসুম।

মাওঃ বশারাতুল্লা মোদিনি পুরী হানাফী (রহঃ) মিলাদ বিষয়ে ফতওয়া। হাকিকতে মুহাম্মদী ও মীলাদে আহমদী।

মুফতী আহমদ ইয়ার খান নইমী হানাফী (রহঃ) মিলাদ বিষয়ে ফতওয়া। জাআল হক।

আরো বই পেতে ভিজিট করুন

SonarMadina.Com

বাংলাদেশ আন্‌জুমানে আশেকানে মোস্তফা (দঃ)

SonarMadina.Com

Click here & Subscribe us